




বাংলাদেশ

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস ২০২০

BANGLADESH

NATIONAL WASH ACCOUNTS 2020



বাংলাদেশ পরিসংখ্যান বুরো
Bangladesh Bureau of Statistics

Statistics and Informatics Division, Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

 WaterAid



বাংলাদেশ

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস

২০২০

BANGLADESH

NATIONAL WASH ACCOUNTS

2020

OCTOBER 2023

অক্টোবর ২০২৩



বাংলাদেশ পরিসংখ্যান বুরো

Bangladesh Bureau of Statistics

Statistics and Informatics Division, Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh
Parishankhyan Bhaban, E-27/A Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh





বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস ২০২০

BANGLADESH National WASH Accounts 2020

Published by

Bangladesh Bureau of Statistics (BBS)

Published on

October 2023

Cover design

Mowsum Mallick

ISBN: 978-984-35-5121-4 | Complimentary Copy

Copyright

Bangladesh Bureau of Statistics (BBS)

Printed at

Texographics

116/2 Box Culvert Road, Naya Paltan, Dhaka-1100

Official contact

Director General

Bangladesh Bureau of Statistics (BBS)

E-27/A Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Email: dg@bbs.gov.bd

For detailed information on this report

Md. Alamgir Hossen

Deputy Director, Demography & Health Wing

and

Focal Point, SDG Cell & Bangladesh National WASH Accounts

Bangladesh Bureau of Statistics (BBS)

Email: alamgir.hossen@bbs.gov.bd

Tel: +8802 55006833

Partha Hefaz Shaikh

Director – Programmes and Policy Advocacy

WaterAid Bangladesh

Email: parthashaikh@wateraid.org

Tel: +8802 58815757

Technical support

World Health Organization (WHO) | Data International Limited

Financial support

WaterAid | UNICEF | Water.org | Bill and Melinda Gates Foundation



All rights reserved. The reproduction and dissemination of material in this information product for educational or non-commercial uses is authorized without prior written permission from the copyright holders, provided the source is fully acknowledged. Reproduction of material in this information product for resale or other commercial purposes is prohibited without written permission. Applications for such permission should be addressed to the Director General, Bangladesh Bureau of Statistics, email: dg@bbs.gov.bd



6 CLEAN WATER AND SANITATION





মন্ত্রী

পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) ও ওয়াটারএইড বাংলাদেশ-এর যৌথ কারিগরি ও আর্থিক সহায়তায় 'ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস' প্রণয়ন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে সরকারি পরিসংখ্যান সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের দায়িত্বপ্রাপ্ত বিশেষায়িত একটি সরকারি সংস্থা। এই দায়িত্বের অংশ হিসেবে পানি, স্যানিটেশন এবং হাইজিন (ওয়াশ) খাতে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অর্থায়ন চিহ্নিতকরণ ও ট্র্যাকিং করার লক্ষ্যে এ খাতের তথ্যভিত্তিক পরিকল্পনা এবং বাজেট প্রণয়নের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে ওয়াশ খাতে ব্যয়ের ওপর সামগ্রিক উপাত্ত সংকলনের মাধ্যমে দেশে প্রথমবারের মতো এ ধরনের একটি উদ্যোগ গ্রহণ করা হয়।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাণালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাকে সার্থক ঝুপায়ন করতে মানবীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। তার দুরদর্শী নেতৃত্বে এবং ভিশন ২০৪১-এর পাশাপাশি ২০৩০ সালের মধ্যে জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। ২০৩০ সালের মধ্যে দারিদ্র্যের অবসান, সুস্থির, জেন্ডার সমতা, জলবায়ু, পুষ্টি ও খাদ্য নিরাপত্তা, শোভন কর্মসংস্থান এবং গুণগত শিক্ষা নিশ্চিতের পাশাপাশি এসডিজি ৬ অর্জনে সকলের জন্য নিরাপদ ও সাশ্রয়ী সুপেয় পানির প্রাপ্তি ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন। বাংলাদেশ পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি (ওয়াশ) খাতে অগ্রগতি অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

আমি মনে করি, এ প্রতিবেদনটি নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য অংশীজনদের জন্য পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি নিয়ে আরও কাজ করার জন্য যথেষ্ট সহায়ক হবে। পাশাপাশি প্রতিবেদনটি দেশের ওয়াশ সেক্টরের কার্যকরী অর্থায়নের ক্ষেত্রে তথ্যের ঘাটতি অনেকাংশে পূরণ করবে।

পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি নিয়ে একটি জনগুরুত্বপূর্ণ ও সময়োপযোগী প্রতিবেদন প্রস্তুতের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি এবং বিবিএস-এর মহাপরিচালক জনাব মোহাম্মদ মিজানুর রহমানের আভারিক প্রচেষ্টার প্রশংসা করি। ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো. আলমগীর হোসেন ও তার টিমকে অশেষ ধন্যবাদ জানাই। এ প্রতিবেদন প্রণয়নে তাদের অধ্যাবসায় ও নিষ্ঠার সাক্ষ্য বহন করে। এ উদ্যোগে কারিগরি ও আর্থিক সহযোগিতার মাধ্যমে বিবিএস এর পাশে থাকার জন্য আমি ওয়াটারএইড বাংলাদেশকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

ভবিষ্যতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো নিয়মিতভাবে 'ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস' হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখবে বলে আমি আশা করি।

ঢাকা, অক্টোবর ২০২৩


এম. এ. মান্নান, এমপি



Minister

Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

Message

I am very pleased to know that Bangladesh Bureau of Statistics (BBS) has prepared the 'National WASH Accounts' with the technical and financial support from WaterAid Bangladesh. The BBS is a specialized government agency that is responsible for collecting, compiling, analyzing, and publishing official statistics as the country's National Statistical Organization (NSO). As part of this mandate, to identify and track private and institutional financing of the water, sanitation, and hygiene (WASH) sector, a first-of-its-kind initiative in the country has been undertaken by compiling aggregate data on WASH expenditure to enhance the sectoral capacity for evidence-based planning and budgeting.

Daughter of the greatest Bangali ever, father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman, Hon'ble Prime Minister Sheikh Hasina is working tirelessly to ensure the dream of a golden Bengal. Under her visionary leadership Bangladesh is committed to achieving the United Nations Sustainable Development Goals (SDGs) by 2030 and Vision 2041. Ending poverty and ensuring good health, gender equality, climate, nutrition and food security, decent employment, and quality education by 2030, along with ensuring access to safe and affordable drinking water and sustainable management for all to achieve SDG 6. Bangladesh is committed to making progress in the water, sanitation, and hygiene (WASH) sector.

I trust this report will be very useful for policymakers, planners, researchers, development partners and other stakeholders to further work on water, sanitation and hygiene. Besides, the report will go a long way in filling the data gap in terms of effective financing of WASH sector in the country.

I appreciate Dr. Shahnaz Arefin, ndc, Secretary, Statistics and Informatics Division and Mr. Mohammed Mizanur Rahman, Director General, Bangladesh Bureau of Statistics for their sincere efforts in preparing such an important and timely report on water, sanitation and hygiene expenditure. Special thanks to Mr. Md. Alamgir Hossen, Focal Point, National WASH Accounts and his team for the preparation of this report that bears witness to their diligence and dedication. I am thankful to WaterAid Bangladesh for supporting BBS through technical and financial support in such initiative.

I hope that Bangladesh Bureau of Statistics will continue to update the 'National WASH Accounts' regularly in the future.



M. A. Mannan, MP

Dhaka, October 2023



প্রতিমন্ত্রী

পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য বন্ধনিষ্ঠ ও সময়ানুগ পরিসংখ্যানের অপরিহার্যতা সর্বজনষ্ঠীকৃত। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) প্রমিত 'ট্র্যাকফিন' গাইডলাইন অনুসরণ করে টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) ৬ অর্ধাং সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করার গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হলো এ খাতে কার্যকরী অর্থায়ন। পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (ওয়াশ) খাতের সামগ্রিক ব্যয়ের গতিপ্রকৃতি ট্র্যাকিং-এর জন্য বাংলাদেশে প্রথমবারের মতো 'ন্যাশনাল ওয়াশ অ্যাকাউটেস' প্রণয়ন করা হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। সকলের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকল্পে প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সম্পদের যথাযথ বণ্টন ও ব্যবহার করতে জাতীয় ওয়াশ হিসাব এসডিজি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ওয়াশ খাতে অর্থায়ন চিহ্নিতকরণ ও ট্র্যাকিং করা জটিল ও চ্যালেঞ্জিং একটি কাজ। এটি কয়েকটি উপর্যুক্ত নিয়ে গঠিত ও একটির সাথে অন্যটির হিসাব প্রক্রিয়া একীভূত থাকে। অন্যদিকে, ওয়াশ সেবা প্রদানকারী ও উপকারভোগীরা নানা ধরনের হয়ে থাকে। এ সংক্রান্ত সেবা অনেক অংশীজনের অর্থায়নের সাথেও সম্পৃক্ত। ওয়াশ হিসাবে খানার ব্যক্তিগত ব্যয়ের পাশাপাশি সরকার, এনজিও ও উন্নয়ন সহযোগীদের ব্যয় আলাদাভাবে হিসাব করা হয়ে থাকে। জাতীয়ভাবে প্রতিনিধিত্বশীল প্রাথমিক ও সেকেন্ডারি উভয় ধরনের উপাত্তের সমষ্টিয়ে এটি প্রণয়ন করতে হয়; যা একটি জটিল প্রক্রিয়া। বিশেষ করে সরকারি খাতে ব্যয়ের ক্ষেত্রে সরকারের নিরীক্ষিত হিসাব পর্যালোচনা করে ওয়াশ খাতে সরকারের ব্যয় চিহ্নিত করা হয়ে থাকে। এ কারণে এটি সময় সাপেক্ষে বেটে।

আন্তর্জাতিকভাবে স্থাকৃত 'ট্র্যাকফিন' গাইডলাইনের ওপর ভিত্তি করে বাংলাদেশের ওয়াশ খাতে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিকভাবে ২০২০ সালের ব্যয় প্রাকলন করে স্থানীয় সরকার বিভাগের অনুরোধে প্রথমবারের মতো 'ন্যাশনাল ওয়াশ অ্যাকাউটেস' প্রণয়ন করা হয়েছে। ওয়াটারএইড বাংলাদেশ এর কারিগরি ও আর্থিক সহযোগিতায় বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস) এ কাজটি সম্পন্ন করেছে। এ কারণে আমি ওয়াটারএইডকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। এ উদ্যোগটিকে নেতৃত্ব দেয়ায় আমি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান বুরোকে অশেষ ধন্যবাদ জানাই। এ উদ্যোগের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস)-এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাধ্বুবাদ জানাই।

আমি আশা করি, প্রথমবারের মতো প্রণীত এ উদ্যোগটি জাতীয় পরিসংখ্যান ব্যবস্থায় একটি নিয়মিত কার্যক্রম হিসেবে গৃহীত হবে এবং ওয়াশখাতসহ সংশ্লিষ্ট ব্যবহারকারীদের চাহিদা অনেকাংশে পূরণ করবে।

ড. শামসুল আলম

ঢাকা, অক্টোবর ২০২৩



Minister of State

Ministry of Planning

Government of the People's Republic of Bangladesh

Message

The necessity of relevant and timely statistics for the formulation of sustainable development plans is widely recognized. Following the standard 'TrackFin' guidelines of the World Health Organization (WHO), effective financing is an important component to ensure the availability and sustainable management of water and sanitation for all to achieve SDG 6. I am very happy to know that the first ever 'National WASH Account' has been developed in Bangladesh to track overall spending trends in the Water, Sanitation and Hygiene (WASH) Sector. The National WASH Account will play an important role in achieving the SDGs in ensuring safe water and sanitation for all, making evidence-based decisions for the appropriate allocation and use of resources.

Identifying and tracking financing data in the WASH sector is a complex and challenging task. Because it consists of several sub-sectors and the accounting process of one is integrated with the other. On the other hand, WASH service providers and beneficiaries are diverse. This service is also associated with multi-party financing. In WASH account, out of pocket expenditures of the households as well as expenditures from government, NGOs and development partners are calculated separately. It is formulated using both nationally representative primary and secondary data, which is a complex process. Especially, in case of expenditure in the public sector, government expenditure in the WASH sector is identified by reviewing the audited accounts of the government. Also, It warrants studying and analysing WASH data with due diligence and with technical competency.

Based on the internationally recognized 'TrackFin' Guidelines, the 'Bangladesh National WASH Account' has been prepared for the first time at the request of the Local Government Division by estimating the WASH expenditure of 2020 of Bangladesh for households and at the institutional level. The data collection was carried out by the Bangladesh Bureau of Statistics (BBS) with technical assistance from WaterAid Bangladesh. I sincerely thank WaterAid for Supporting BBS. I appreciate the Secretary, Statistics and Informatics Division and the Director General, Bangladesh Bureau of Statistics for spearheading this initiative. I thank all the officials and employees of the Statistics and Informatics Division and the Bangladesh Bureau of Statistics (BBS), who are directly and indirectly involved with such initiative.

I hope that this initiative first of its kind will become a regular activity in the National Statistical System and will largely meet the needs of concerned users including WASH sector.

Dr. Shamsul Alam

Dhaka, October 2023



সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপক্রমণিকা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে নীতি-নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক, শিক্ষাবিদ ও অন্যান্য অংশীজনদের তথ্য-উপাত্তের প্রয়োজনীয় চাহিদা পূরণের লক্ষ্যে নিয়মিত বিভিন্ন জরিপ পরিচালনা করে থাকে। আমি আনন্দিত যে, যথাযথ পরিকল্পনা, নীতি-নির্ধারণ এবং প্রমাণিতিক উন্নয়ন পরিকল্পনার জন্য এ খাতের সার্বিক ব্যয়ের সময়িত চিত্র তুলে ধরার লক্ষ্যে বিবিএস ওয়াটারএইড বাংলাদেশ-এর কারিগরি সহযোগিতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)’র ‘ট্র্যাকফিন’ গাইডলাইন অনুসরণ করে সফলতার সাথে বাংলাদেশে প্রথমবারের মতো ‘ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস’ প্রণয়ন করেছে। বিবিএস পরিসংখ্যান আইন, ২০১৩ এ প্রদত্ত দায়িত্ব মোতাবেক সরকার ও অংশীজনদের চাহিদা অনুযায়ী সরকারি পরিসংখ্যান প্রস্তুতে তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশ করে থাকে। এরই অংশ হিসেবে স্থানীয় সরকার বিভাগের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিবিএস এ ধরনের একটি যুগান্তকারী উদ্যোগ বাস্তবায়ন করেছে। এটি জাতীয় প্রয়োজনে বিবিএস এর আন্তরিক প্রচেষ্টার একটি প্রতিফলন।

বাংলাদেশ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (এসডিজি) বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। এসডিজি ৬ অভীষ্ট অনুযায়ী ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা সরকারের অন্যতম লক্ষ্য। এ খাতে সঠিক পরিকল্পনা প্রণয়নে ব্যক্তিগত, সরকারি ও অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়ের কোনো গতিপ্রকৃতি জানা না থাকায় সম্পদের সঠিক বট্টন ও ব্যয় নিশ্চিত করা একটি চ্যালেঞ্জ বিষয় ছিল। এ চ্যালেঞ্জ মোকাবিলায় ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস এ খানাভিত্তিক ব্যক্তিগত ব্যয় নিরূপণের জন্য খানার ওয়াশ ব্যয় জরিপ পরিচালনা করে প্রাথমিক তথ্য নেয়ার পাশাপাশি ও প্রতিষ্ঠানভিত্তিক জরিপও পরিচালনা করা হয়েছে। প্রাথমিক উপাত্তের সাথে সেকেন্ডারি উপাত্ত ব্যবহার করে সময়িত ‘ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস’ প্রণয়ন করা হয়েছে। আমি আশা করি, প্রথমবারের মতো প্রণীত বেঞ্চমার্ক উদ্যোগটি এ খাতের একটি ভিত্তি উপাত্ত হিসেবে কাজ করবে। পাশাপাশি ওয়াশ ব্যয়ের গতিপ্রকৃতি চিহ্নিতকরণ ও এ খাতে অর্থায়নের অবস্থা ট্র্যাকিং করার মাধ্যমে তথ্যপ্রমাণিতিক দূরদৃশ্য পরিকল্পনা প্রণয়নে সক্ষমতা বৃদ্ধি করবে।

সফলভাবে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করায় আমি মহাপরিচালক, বিবিএসকে অভিবাদন জানাই। এ কার্যক্রমটি সুন্দরভাবে সম্পন্ন করতে অক্লান্ত প্রচেষ্টা এবং কঠোর পরিশ্রমের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও তার টিমকে আমি বিশেষ ধন্যবাদ জানাই। পাশাপাশি, এ কার্যক্রমের সাথে জড়িত স্টিয়ারিং কমিটি, ওয়ার্কিং কমিটি, টেকনিক্যাল কমিটি, প্রতিবেদন পর্যালোচনা কমিটির সকল সম্মানিত সদস্যকে প্রতিবেদন প্রস্তুতের বিভিন্ন পর্যায়ে তাদের শ্রম ও মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানাই। স্থানীয় সরকার বিভাগ এবং ওয়াটারএইডকে তাদের দূরদৃষ্টিসম্পন্ন, সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ উদ্যোগটি গ্রহণের জন্য বিশেষ ধন্যবাদ জানাই। আশা করি ভবিষ্যতেও তারা বিবিএস এর সাথে গুরুত্বপূর্ণ অংশীজন হিসেবে ওয়াশ খাতের তথ্য উপাত্ত প্রস্তুতে তাদের সহযোগিতা অব্যাহত রাখবে। পরিশেষে, আমি আশা করি, এ প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত ওয়াশ খাতে অধিকতর গবেষণার পাশাপাশি নীতিনির্ধারক ও পরিকল্পনাকারীদের মধ্যে এ খাতের ওপর সম্যক ধারণা ও উপলব্ধিকে এগিয়ে নিতে সহায়তা করবে।

ঢাকা, অক্টোবর ২০২৩


ড. শাহনাজ আরেফিন, এনডিসি



Secretary

Statistics and Informatics Division (SID)
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

Foreword

The Bangladesh Bureau of Statistics (BBS), under the Statistics and Informatics Division (SID), as the National Statistical Office (NSO), regularly conducts various surveys to meet the needs of policymakers, planners, researchers, academics and other stakeholders. I am delighted that BBS, in technical collaboration with WaterAid Bangladesh, has successfully developed Bangladesh's first ever 'National WASH Accounts' on Water, Sanitation and Hygiene (WASH) following the 'TrackFin' guidelines of the World Health Organization (WHO). I believe this document can be used for proper planning, policymaking and evidence-based development planning through providing an integrated picture of the overall spending in this sector. BBS collects, compiles, analyses and publishes data for the preparation of official statistics as per mandates given in the Statistics Act, 2013, as per the needs of the government and other stakeholders. As a part of this, BBS has implemented such a ground-breaking initiative through the request of the Local Government Division (LGD). This reflects BBS's sincere efforts towards national needs.

Bangladesh is committed to achieving the Sustainable Development Goals (SDGs). The main target of SDG 6 is to 'ensure availability and sustainable management of water for all' by 2030. Ensuring proper allocation and expenditure of resources is a challenging issue, as there is no clear picture of private, public, and other institutional expenditures in this sector for proper planning. To meet this challenge, National WASH Accounts have been developed by conducting a Household WASH Expenditure Survey to determine households' out of pocket expenditure as well as carrying out a severe Institution-based survey. Apart from this, an integrated 'National WASH Account' has been formulated using primary data along with secondary data. I hope this first-ever benchmarking initiative will serve as a baseline for the sector. Additionally, it will enhance the capacity for evidence-based forward-looking planning by identifying trends in spending and tracking funding status in the sector.

I congratulate the Director General, BBS, for the successful completion of the National WASH Accounts compilation process. My special thanks to the Focal Point and his team for their tireless efforts and hard work to complete this initiative smoothly. Besides, I would like to express my special thanks to all the respected members of the Steering Committee, Working Committee, Technical Committee, Report Review Committee for their hard work and valuable opinions at various stages of report preparation. Special thanks to the Local Government Division and WaterAid for their visionary, time bound and important initiative. Hopefully, in the future, they will continue the partnership with BBS as an important stakeholder in the preparation of WASH sector data. Finally, I hope that the findings from this report will help further research in the WASH sector as well as promote better understanding and assessment of the sector among policymakers and planners.

Dr. Shahnaz Arefin, ndc

Dhaka, October 2023



সচিব

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে বাংলাদেশের অর্জন বিশ্বব্যাপী সমাদৃত। এ খাতের বর্তমান উন্নয়নধারাকে আরও বেগবান করার জন্য খাতভিত্তিক প্রকৃত ব্যয় নিরূপণের মাধ্যমে সর্বজনীন ওয়াশ ব্যবস্থাপনা নিশ্চিত করতে প্রয়োজন বাস্তবভিত্তিক ও বহুমাত্রিক পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন। তবে, অন্যান্য দেশের মতো বাংলাদেশেও ওয়াশ খাতে সামগ্রিক বরাদ্দ ও ব্যয়ের প্রকৃতি বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং দণ্ডর দ্বারা নিয়ন্ত্রিত এবং বিভিন্ন ওয়াশ-কেন্দ্রিক প্রকল্প অথবা প্রকল্পসমূহের অংশ হিসেবে বিভক্ত। নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে সরকারি, বেসরকারি, এনজিও, আন্তর্জাতিক ও দেশীয় উন্নয়ন সহযোগী সংস্থা, বিনিয়োগকারী সংস্থাসহ বিদ্যমান সকল প্রতিষ্ঠান এবং গৃহস্থালি পর্যায়ের সংশ্লিষ্টতার কারণেও ওয়াশ বরাদ্দ ও ব্যয়ের প্রকৃত চিত্র নির্ণয় করা অনেকটাই কঠিন। এ বাস্তবতায় স্থানীয় সরকার বিভাগ উন্নয়ন সহযোগী এবং ওয়াশকেন্দ্রিক দেশীয় ও আন্তর্জাতিক সরকারি-বেসরকারি সংস্থাসমূহকে সাথে নিয়ে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে।

বাংলাদেশ সরকারের ওয়াশ বিষয়ক প্রতিশ্রুতি বিশেষত এসডিজি ৬ অভীষ্ট অর্জনে স্থানীয় সরকার বিভাগ দেশে প্রথমবারের মতো ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের সময়োপযোগী ও সুদূরপ্রসারী পদক্ষেপ গ্রহণ করেছে জেনে আমি আনন্দিত। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে গঠিত ওয়ার্কিং কমিটি ওয়াশ খাতে অর্থ বরাদ্দ ও ব্যয়ের গতি-প্রকৃতি নির্ণয়ের উদ্দেশ্যে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রস্তুতের যৌক্তিকতা, রূপরেখা, সময়সীমা এবং আর্থিক সংস্থান নিয়ে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করেছে।

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রস্তুতের আওতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রণীত বহুল ব্যবহৃত 'ট্র্যাকফিন' পদ্ধতি ব্যবহার করে প্রাথমিক ধাপে গৃহস্থালি পর্যায়ে 'আউট-অব-পকেট' ব্যয়ের পরিমাণ ও প্রকৃতি নির্ণয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) কর্তৃক একটি জরিপ কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরবর্তীতে বিবিএস ও ওয়াটাররেইডের তত্ত্বাবধানে 'ডাটা ইন্টারন্যাশনাল লিমিটেড' নামে একটি বিশেষজ্ঞ পরামর্শক সংস্থার মাধ্যমে সেকেন্ডারি তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে ওয়াশ খাতে সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থা কর্তৃক অর্থ বরাদ্দ ও ব্যয়ের গতি-প্রকৃতি নির্ণয় করা হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস-এর কারিগরি এ প্রতিবেদনটি প্রণয়ন করেছে। গুরুত্বপূর্ণ এ কাজটি সূচারূপভাবে সম্পন্ন করতে নিরলস পরিশ্রমের জন্য সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱোসহ সংশ্লিষ্ট সকলকে আমি স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

প্রথমবারের মতো বাংলাদেশের জন্য ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রস্তুতের জন্য যাবতীয় কার্যাদি সম্পন্ন করার ক্ষেত্রে এ বিষয়ে গঠিত ওয়ার্কিং কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি। স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অনুবিভাগ ও পলিসি সাপোর্ট অধিশাখার যে সকল সহকর্মীবৃন্দ সক্রিয়ভাবে এ কাজে সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এ কাজে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য ওয়াটাররেইড বাংলাদেশ, ইউনিসেফ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন, ওয়াটার ডট ও আরজি এবং বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের অংশ হিসেবে নিরাপদ পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে তথ্য-প্রমাণভিত্তিক পরিকল্পনা ও নীতি নির্ধারণের পোশাপাশি ওয়াশ খাতে ঘচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধির ক্ষেত্রে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস সহায়ক হবে এবং এসডিজি ৬ ও সরকারের ভিশন ২০৪১ অনুযায়ী উন্নত দেশের মর্যাদা অর্জনে আমাদের অনেক দূর এগিয়ে নিয়ে যাবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

ঢাকা, অক্টোবর ২০২৩


মুহম্মদ ইব্রাহিম



Secretary

Local Government Division
Ministry of Local Government,
Rural Development and Cooperatives
Government of the People's Republic of Bangladesh

Message

Bangladesh's achievements in Water, Sanitation and Hygiene (WASH) Sector are globally recognised. To further accelerate the current development trend in this sector, it is necessary to formulate a realistic and multi-dimensional plan and its implementation to ensure universal WASH management by determining the actual cost of the sector. However, in Bangladesh, like other countries, the nature of overall allocation and expenditure in the WASH sector is controlled by various ministries, divisions and departments and isolated into various WASH-focused projects or sub-projects. In addition, it is very difficult and challenging to determine the actual picture of WASH allocation and expenditure due to the involvement of all existing institutions and households, including government, private, NGO, international and domestic development support organizations, investment organizations in this sector. In this reality, the Local Government Division under the Ministry of Local Government, Rural Development and Cooperatives has taken the initiative to formulate National WASH Accounts along with the development partners and WASH-focused domestic and international public-private organizations.

I am very happy that the Local Government Division has taken timely and far-reaching step of preparing National WASH Accounts for the first time in the country in order to achieve the commitment of the Government of Bangladesh on WASH, especially SDG 6. In this regard, the Working Committee formed under the leadership of the Local Government Division, for the purpose of determining the allocation of money and the nature of expenditure in the WASH sector by adopting a detailed plan on the rationale, outline, time frame and financial resources. Accordingly, it requested the Bangladesh Bureau of Statistics to carry out this task for the preparation of National WASH Accounts.

As part of the preparation of National WASH Accounts, a household survey was conducted by the Bangladesh Bureau of Statistics (BBS) to determine the extent and nature of 'out-of-pocket' expenditure at the household level using the widely used 'TrackFin' method developed by the World Health Organization (WHO). Later, through the collection and analysis of secondary data by an expert consultancy firm, 'Data International Limited (DI)' under the supervision of BBS and WaterAid, the allocation of funds and the nature of expenditure by various public and private organizations in WASH has been determined. The report was prepared by the technical staff of National WASH Accounts of Bangladesh Bureau of Statistics (BBS) under the Ministry of Planning. On behalf of the Local Government Division, I express my sincere thanks to the Secretary, Statistics and Informatics Division and Director General, Bangladesh Bureau of Statistics for their tireless efforts to complete this important task smoothly.

I would like to thank all the respected members of the Working Committee constituted in this regard for their cooperation in completing all the tasks for the preparation of National WASH Accounts for Bangladesh for the first time. I express my thanks and gratitude to all colleagues of the Water Supply Wing and Policy Support Branch of the Local Government Division who actively cooperated in this work. On behalf of the Local Government Division, I sincerely thank WaterAid Bangladesh, UNICEF, World Health Organization, Bill & Melinda Gates Foundation, Water.Org and various ministries and departments for providing the necessary financial and technical support.

I strongly believe that National WASH Accounts will be instrumental in enhancing transparency and accountability in the WASH sector as well as facilitate evidence-based planning and policy making in the safe water, sanitation, and hygiene (WASH) sector as part of achieving the Sustainable Development Goals. Achieving SDG 6 and Government's Vision 2041 will take us a long way to achieve the developed country status.

Joy Bangla, Joy Bangabandhu

Dhaka, October 2023

Muhammad Ibrahim





মহাপরিচালক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখ্যবন্ধ

বাংলাদেশ স্বল্পেন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে ২০২৬ সালে উন্নয়নশীল দেশে উত্তীর্ণ হওয়ার সুপারিশপ্রাপ্ত হয়েছে। ২০৩০ সাল নাগাদ টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) অর্জনের ধারাবাহিকতায় ২০৪১ সাল নাগাদ উন্নত দেশে উত্তরণের স্বপ্নযাত্রা শুরু করেছি আমরা। সরকারি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতে পরিকল্পনা ও নীতি নির্ধারণ, অগ্রগতি পরিবীক্ষণ এবং কর্মসূচিমূহের যথাযথ বাস্তবায়নের জন্য পরিসংখ্যানকেই যথাযথ মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়। উন্নয়নের এ গতিধারায় তথ্য-উপাত্তের যথাযথ সমন্বয় ও নীতিনির্ধারণের কার্যকরী প্রয়োগ নিশ্চিতকল্পে স্থানীয় সরকার বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে বিবিএস 'ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) খাতে অর্থায়ন চিহ্নিতকরণ ও অনুসরণ (ট্র্যাকিং) এবং ওয়াশ ব্যয়ের ওপর উপাত্ত প্রস্তুতকরণসহ এ খাতের ওপর বিচক্ষণ ও তথ্যতিক্রিক পরিকল্পনা এবং বাজেট প্রণয়নের সক্ষমতা বাড়াতে জরিপ পরিচালনার মাধ্যমে দেশে প্রথমবারের মতো একটি পূর্ণাঙ্গ ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়ন অপরিহার্য হয়ে পড়েছিল।

ইউএন-ওয়াটার গ্লোবাল অ্যানালাইসিস এন্ড অ্যাসেমবলেন্ট অব স্যানিটেশন এন্ড ড্রিকিং ওয়াটার (GLAAS) অনুযায়ী ওয়াশ খাতে অর্থায়নের গতিপ্রকৃতি নিরূপণ ও এর ট্র্যাকিং বা অনুসরণে উল্লেখযোগ্য ঘাটতি রয়েছে। অর্থনীতি ও সমাজের প্রধান প্রধান কার্যক্রম সংশ্লিষ্ট ব্যক্তি ও খানা, সরকার, ব্যবসা প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগীদের ওয়াশ ব্যয় ট্র্যাকিং বাংলাদেশে ইতোপূর্বে করা হয়নি। সে বিবেচনায় এটিই বাংলাদেশের প্রথম ওয়াশ খাতের পূর্ণাঙ্গ প্রাকলন। এতে সকল প্রধান অংশীজনের ২০২০ সালের ওয়াশ সম্পর্কিত কার্যক্রমের ব্যয় ট্র্যাকিং করা হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) প্রমিত গাইডলাইন 'ট্র্যাকফিন' অনুসারে ওয়াশ অ্যাকাউন্টস প্রাকলন করা হয়েছে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি এ প্রতিবেদনটি আমাদেরকে নিয়মিতভাবে বাংলাদেশের জন্য এসডিজি'র অভীষ্ঠ ৬ 'সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা' নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে। পাশাপাশি এ প্রতিবেদনের তথ্য-উপাত্ত টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) অর্জনে এবং আর্থসামাজিক উন্নয়ন সম্পর্কিত কার্যকরী কর্মসূচি গ্রহণে নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদগণকে সহায়তা করবে।

দেশের প্রথম ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নে কারিগরি সহায়তা প্রদানের জন্য ওয়াটারএইড বাংলাদেশকে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাই। পাশাপাশি এ ধরনের উদ্যোগে সব সময় বিবিএস এর পাশে থাকার জন্য আমি স্থানীয় সরকার বিভাগকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আমার বিনম্র কৃতজ্ঞতা পরিকল্পনামন্ত্রী জনাব এম এ মান্নান, এমপি এবং মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম এর প্রতি যাদের সামগ্রিক নীতিগত সমর্থন আমাদের অনুপ্রেরণার উৎস। পাশাপাশি অমূল্য পরামর্শ ও দিকনির্দেশনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাই। ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস কার্যক্রমটিকে সফলভাবে বাস্তবায়নের জন্য জনাব মো. আলমগীর হোসেন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস কার্যক্রম ও তার টিম বিশেষ ধন্যবাদ পাওয়ার যোগ্য।

আমি মনে করি এ প্রতিবেদনটি নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য অংশীজনদের জন্য উপযোগী হবে। ভবিষ্যতে নতুন ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নে সংশ্লিষ্ট সকলের পরামর্শ এবং মন্তব্য অত্যন্ত প্রশংসন্ত সাথে গ্রহণ করা হবে।

ঢাকা, অক্টোবর ২০২৩


মোহাম্মদ মিজানুর রহমান



Director General

Bangladesh Bureau of Statistics (BBS)
Statistics and Informatics Division (SID)
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

Preface

Bangladesh has been recommended for graduation as developing country from Least Developed Countries (LDCs) in 2026. Besides, we have started the dream of transitioning to a developed country by the year 2041 after achieving the Sustainable Development Goals (SDGs) by 2030. Statistics is considered as an appropriate tool for planning and policy making, monitoring progress and proper implementation of Programmes to ensure optimal utilization of public resources. In this trend of development, BBS has taken the initiative of compiling the 'National WASH Accounts' in response to the request of Local Government Division to ensure proper coordination of data and effective implementation of policies. For the first time in the country, a full-fledged WASH Accounts development has been necessary through conducting surveys and analysis to enhance capacity for prudent and information based planning and budgeting of the sector, including identifying and tracking, in a standardized format financing in the Water, Sanitation and Hygiene (WASH) sector and preparing data on WASH expenditure.

According to the UN-Water Global Analysis and Assessment of Sanitation and Drinking Water (GLAAS), there are significant gaps in the assessment and tracking of financing in the WASH sector. WASH expenditure tracking of individuals and households, government, business organizations and development partners related to the main activities of the economy and society has not been done earlier in Bangladesh. It is the first initiative to estimate WASH expenditure in Bangladesh. It also tracks the spending of WASH-related activities in 2020 by all key stakeholders. WASH accounts are estimated according to standard guidelines 'TrackFin' developed by the World Health Organization (WHO).

I strongly believe that this report will be an important milestone for us to guide achieving SDG Goal 6 for Bangladesh to 'ensure availability and sustainable management of water and Sanitation for all'. In addition, the data of this report will help the policymakers and planners to take effective programmes related to socioeconomic development to achieve the Sustainable Development Goals (SDGs).

I am especially grateful to WaterAid Bangladesh for providing technical assistance in developing the country's first WASH Accounts. Also, I express my sincere gratitude to the Local Government Division for Extending continuous support to BBS in such initiative. My humble gratitude to Hon'ble Minister for Planning Mr. M. A. Mannan, MP and Hon'ble State Minister for Planning Dr. Shamsul Alam whose overall guidance and policy support is our source of inspiration. Besides, Thanks to Dr. Shahnaz Arefin, ndc, Secretary, Statistics and Informatics Division for her invaluable advice and guidance in finalizing the report. Special thanks to Mr. Md. Alamgir Hossen, Focal Point, National WASH Accounts Initiative and his team for the successful implementation of the National WASH Accounts.

I think this report will be useful for policymakers, planners, researchers, development partners and other stakeholders. Suggestions and comments of all concerned on future formulation of new WASH accounts will be highly appreciated.

Mohammed Mizanur Rahman

Dhaka, October 2023



বাণী

বাংলাদেশ নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জন করে বিশ্বব্যাপী যথেষ্ট প্রশংসা কৃতিয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) অর্জনেও সরকারি, বেসরকারি ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ সম্মিলিতভাবে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে।

এরই ধারাবাহিকতায় ২০১৯ সালে ওয়াটারএইড বাংলাদেশ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের নিকট ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের আনুষ্ঠানিক প্রস্তাবনা পেশ করে। ওয়াশ খাতে সরকারি, বেসরকারি, ব্যক্তিগত ও গৃহস্থালি পর্যায়ে সামগ্রিক বরাদ্দ ও ব্যয়ের প্রকৃত ত্বরিত নিরূপণের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে স্থানীয় সরকার বিভাগ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের উদ্দেয়গ গ্রহণ করে। মহাত্মা এ উদ্দেয়গ গ্রহণের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এ কাজে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদানের পাশাপাশি এ বিষয়ে গঠিত ওয়ার্কিং কমিটির সদস্য হিসেবে প্রয়োজনীয় সমন্বয় কাজে যুক্ত থাকতে পেরে আমরা গর্বিত।

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের অংশ হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরো (বিবিএস) কর্তৃক প্রাথমিক ধাপে গৃহস্থালি পর্যায়ে 'আটট-অব-পকেট' ব্যয়ের পরিমাণ ও প্রকৃতি নির্ণয়ে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। পাশাপাশি 'ডাটা ইন্টারন্যাশনাল লিমিটেড' নামে একটি বিশেষজ্ঞ সংস্থার মাধ্যমে ওয়াশ খাতে সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থা কর্তৃক অর্থ বরাদ্দ ও ব্যয় বিষয়ক সেকেন্ডারি তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে।

আমি অত্যন্ত আনন্দিত যে, ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রস্তুতের জন্য গঠিত ওয়ার্কিং কমিটি, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অনুবিভাগ ও পলিসি সাপোর্ট অধিশাখা, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরো (বিবিএস) এবং সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহের সহযোগিতায় ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রতিবেদনটি চূড়ান্ত করা হয়েছে। এ কাজে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে ওয়াটারএইড-এর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডিলিউএইচও) প্রণীত বহুল প্রচলিত 'ট্র্যাকফিন' পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এ বিষয়ে কারিগরি সহায়তা প্রদান করার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে ধন্যবাদ জানাচ্ছি। এ ছাড়াও, তথ্য-উপাত্ত ও পরামর্শ দিয়ে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি।

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রস্তুতের কাজে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য ইউনিসেফ, বিল ও মেলিডা গেটস ফাউন্ডেশন এবং ওয়াটারডট অর্গানিশনের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়ন ও গ্রহণের মাধ্যমে সর্বজনীন ওয়াশ পরিসেবা নিশ্চিতে সরকার, সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগী, দেশীয় ও আর্তজাতিক উন্নয়ন সংস্থাসমূহের একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ ওয়াশ খাতে যথাযথ অর্থায়ন এবং টেকসই ও ন্যায়সঙ্গত পানি সম্পদের ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভব হবে।

ঢাকা, অক্টোবর ২০২৩


হাসিন হাতান



Message

Bangladesh has demonstrated its strong achievement during the MDG era with success in Water Supply, Sanitation, and hygiene as indicated by the United Nations. The government, non-governmental organizations, and development partners have taken various collective initiatives for achievement of Sustainable Development Goals (SDG) as well. The endorsement of the National WASH Accounts by the Local Government Division provides valuable insights into water, sanitation and hygiene expenditure at various levels, including government, non-government, and household level.

In 2019, WaterAid presented an official proposal for the National WASH Accounts to the Local Government Division of the Ministry of Local Government, Rural Development and Co-operatives. The Local Government Division has taken the initiative to formulate the National WASH Accounts considering the need of a real picture of overall allocation and expenditure in the WASH Sector by public, private, individual and household level. I sincerely thank the Local Government Division of the Ministry of Rural Development and Co-operatives for taking this great initiative. We are proud to be actively involved as a member of the Working Committee formed in this regard, along with providing the necessary financial and technical support for this work.

As part of the preparation of the National WASH Accounts, Bangladesh Bureau of Statistics (BBS) has initiated a survey to determine the nature and amount of 'out-of-pocket' expenditures at the household level in the primary stage. Besides, through the expert organization 'Data International Limited', secondary data on allocation and expenditure in WASH Sector by different government and non-government organisations has been collected and analyzed.

I am very pleased to inform that the report of the National WASH Accounts has been finalised with the cooperation of the Working Committee formed for preparation of National WASH Accounts, the Water Supply Wing and Policy Support Branch of Local Government Department under the Ministry of Rural Development and Co-operatives, Bangladesh Bureau of Statistics (BBS) under the Ministry of Planning and others related Ministries and Departments. On behalf of WaterAid, I sincerely thank all concerned for their overall cooperation in this work.

The widely used 'TracFin' method, developed by the World Health Organization (WHO) has been followed in preparing the National WASH Accounts. Thanks to WHO for providing technical support in this regard. Also, thanks to all concerned for their cooperation for providing information and technical guidance.

I express my sincere gratitude and appreciation to UNICEF, Bill and Melinda Gates Foundation and Water.Org for their generous financial and technical assistance in the preparation of National WASH Accounts.

I firmly believe that through the formulation and adoption of National WASH Accounts, it will be possible to ensure proper financing in the WASH sector as well as proper management of water resources sustainably and equitably with the formulation and implementation of an integrated development plan by the government, related development partners, domestic and international development organizations to ensure universal WASH services.


Hasin Jahan

Dhaka, October 2023



ফোকাল পয়েন্ট

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়ন কার্যক্রম
বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

কৃতজ্ঞতা স্বীকার

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস হলো একটি স্বীকৃত পদ্ধতি, যা জাতীয় পর্যায়ে পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (ওয়াশ) সম্পর্কিত সরকারি এবং বেসরকারি ব্যয় ট্র্যাকিং করতে ব্যবহৃত হয়ে থাকে। এর উদ্দেশ্য হলো, ওয়াশ পরিষেবাগুলোতে করা বিনিয়োগ ও খরচের একটি বিস্তৃত চিত্র তুলে ধরা এবং এসব পরিষেবা উন্নয়নের জন্য তথ্যপ্রমাণিক সিদ্ধান্ত নেয়ার ফেত্তে এ তথ্যগুলো ব্যবহার করা। ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টসের মাধ্যমে সংগৃহীত তথ্য সরকার এবং অন্যান্য অংশীজনদের বিনিয়োগের ব্যবধান চিহ্নিতকরণ, অগ্রাধিকারভিত্তিক ব্যবস্থাত নির্ধারণ এবং টেকসই ওয়াশ পরিষেবা নিশ্চিত করতে কার্যকরভাবে এবং দক্ষতার সাথে সম্পদ বরাদ্দ নিশ্চিতে সহায়তা করতে পারে। এ প্রতিবেদনটিতে ২০২০ সালে প্রধান সেবা প্রদানকারীদের মাধ্যমে ওয়াশ-সম্পর্কিত বাস্তবায়িত কার্যক্রম চিহ্নিত করার লক্ষ্যে বাংলাদেশের জন্য প্রথমবারের মতো ওয়াশ খাতের ব্যয়ের প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে। এতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কর্তৃক প্রণীত মানসম্মত 'ট্র্যাকফিন' নির্দেশিকা প্রয়োগ করে ওয়াশ ব্যয় প্রাক্কলন করা হয়েছে। দেশের প্রথম ওয়াশ অ্যাকাউন্টস তৈরির জন্য স্থানীয় সরকার বিভাগের অনুরোধের পরিপ্রেক্ষিতে ওয়াটারএইড বাংলাদেশের কারিগরি ও আর্থিক সহযোগিতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরো (বিবিএস) ব্যক্তিগত ব্যয় নিরূপণের জন্য 'খানার ওয়াশ ব্যয় জরিপ ২০২০' পরিচালনা করে। খানার তথ্যের পাশাপাশি বিভিন্ন সংস্থার ব্যয় নিরূপণ করার জন্য বিবিএস-এর তত্ত্বাবধানে ওয়াটারএইড বাংলাদেশ কর্তৃক নিয়োজিত পরামর্শক সংস্থা 'ডাটা ইন্টারন্যাশনাল' প্রাতিষ্ঠানিক জরিপ পরিচালনা করে। এ উদ্যোগের আওতায় প্রাথমিক উপাত্তের পাশাপাশি একই অর্থবছরে সরকারি ও বেসরকারি ব্যয়ের সম্পূর্ণ সংকলনের জন্য ওয়াশ খাতে সরকারি নিরীক্ষিত ব্যয় সংকলন করা হয়েছে। জাতীয় পরিসংখ্যান ব্যবস্থায় এ উদ্যোগটি একেবারেই নতুন, তাই বিভিন্ন পরামর্শ ও পর্যালোচনা সভার মাধ্যমে বেইজলাইন অ্যাকাউন্ট চূড়ান্ত করার জন্য এটি একটি শ্রমসাধ্য প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়েছে।

প্রতিবেদন তৈরিতে নীতিগত সহায়তার জন্য আমি ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং জনাব মুহাম্মদ ইব্রাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। এ প্রতিবেদনটি তৈরির জন্য ক্রমাগত দিকনির্দেশনা ও পরামর্শের জন্য ধন্যবাদ জানাচ্ছি জনাব মোহাম্মদ মিজানুর রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরোকে। জাতীয় পরিসংখ্যান সংস্থার মাধ্যমে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নে মূল চিন্তাধারার প্রবর্তনকারী হিসেবে আমি ড. খায়রুল ইসলাম, আঞ্চলিক পরিচালক, ওয়াটারএইড, দক্ষিণ এশিয়া অঞ্চল এবং জনাব এম. সফিকুল ইসলাম, পলিসি-অ্যাডভোকেসি উপদেষ্টা (সরকারের সাবেক অতিরিক্ত সচিব), ওয়াটারএইড বাংলাদেশ-এর নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। রিপোর্টটি প্রকাশ করতে নিরলস সহযোগিতার জন্য জনাব হাসিন জাহান, কান্ট্রি ডিরেক্টর; জনাব পার্থ হেফাজ সেখ, ডিরেক্টর, প্রোগ্রাম ও পলিসি অ্যাডভোকেসি; এবং সংশ্লিষ্ট সহকর্মীদের অবদানকেও ঝরণ করছি এবং বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। বিবিএস-এর বিভিন্ন উইং এবং সেলের সহকর্মীগণ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস-এর বিভিন্ন পর্যায়ে বিশেষ করে প্রশ্নপত্র ডিজাইন, নমুনা সংগ্রহ, তথ্য-উপাত্ত সংগ্রহ, পরিচ্ছন্নকরণ, প্রক্রিয়াকরণ এবং প্রতিবেদন তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। ওয়াটারএইড বাংলাদেশের প্রাক্তন পলিসি অ্যাসুন্ড অ্যাডভোকেসি প্রধান জনাব আবদুল্লাহ আল-যুয়িদ; প্রাক্তন স্ট্র্যাটেজিক সাপোর্ট স্পেশালিস্ট জনাব জারিফ ইফতেখার রসুল এবং পলিসি ও গভর্ন্যান্স স্পেশালিস্ট; জনাব রঞ্জন ঘোষকে ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস প্রণয়নের প্রাথমিক পর্যায়ে তাদের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি। প্রতিবেদন প্রস্তুতে মূল্যবান অবদানের জন্য আমি স্টিয়ারিং কমিটি, টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং কমিটি, এডিটরস ফোরাম, রিপোর্ট যাচাই-বাচাই কমিটির সকল সদস্যদের অবদানকে ধন্যবাদসহ স্বীকার করছি।

পরিশেষে, আমি অন্যান্য যারা প্রতিবেদনটি চূড়ান্ত করতে এবং বাংলাদেশের ইতিহাসে মাইলফলক এ উদ্যোগটি সম্পূর্ণ করতে অবদান রেখেছেন, তাদেরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

ঢাকা, অক্টোবর ২০২৩

মো. আলমগীর হোসেন



Focal Point

National WASH Accounts Development Initiative
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning

Acknowledgements

National WASH Accounts is a recognized method used to track public and private expenditures related to water, sanitation, and hygiene at the national level. The goal is to provide a comprehensive picture of the investments and consumption made in WASH services and to use this information to make evidence-based decisions for improving WASH service delivery. The information collected through National WASH Accounts can help governments and other stakeholders identify gaps in investment, prioritize spending, and ensure that resources are allocated effectively and efficiently to achieve sustainable WASH service delivery. This report presents the first ever WASH expenditure estimates for Bangladesh for tracking of WASH-related activities by all key actors for the year 2020. Applying standardized 'TrackFin' guidelines established by the World Health Organization (WHO), WASH expenditures have been estimated. In response to the request from the Local Government Division for developing the country's first WASH accounts. The Bangladesh Bureau of Statistics (BBS) with technical and financial support from WaterAid Bangladesh conducted the 'Household WASH Expenditure Survey 2020' to cover the out-of-pocket expenditures by the households. Under the supervision of BBS, Data International, a consulting firm was engaged by WaterAid Bangladesh to conduct the institutional survey for covering expenditures by different organizations. Along with the primary data government audited expenditures of the same fiscal year has been taken to complete compilation and analysis of public and private expenditures in WASH sector. As the initiative is very new in the National Statistical System, it took a laborious process to finalise the baseline account through different consultations and review meetings.

I would like to acknowledge my sincere thanks to Dr. Shahnaz Arefin, ndc, Secretary, Statistics and Informatics Division (SID) and Mr. Muhammad Ibrahim, Secretary, Local Government Division (LGD) for their policy support in preparation of the report. I would like to acknowledge my appreciation to Mr. Mohammed Mizanur Rahman, Director General, Bangladesh Bureau of Statistics (BBS) for his continuous guidance and direction to prepare this report. I would like to express my heartfelt acknowledgement to Dr. Khairul Islam, Regional Director, WaterAid, South Asia Region and Mr. M. Shafiqul Islam, Policy Advisor (Former Additional Secretary) of WaterAid Bangladesh who are key technical guides to host the NWA in the National Statistics Office in Bangladesh. I would also acknowledge the contribution from the colleagues of WaterAid Bangladesh especially Ms. Hasin Jahan, Country Director; Mr. Partha Hefaz Shaikh, Director, Programmes and Policy Advocacy; and other concerned colleagues for their relentless support and contribution to bringing out the report. Officers and Staff members of different wings and cells of BBS contributed at different stages of the National WASH Account especially, during questionnaire design, sampling, data collection, data cleaning and processing and preparation of the report. Thanks are also due to Mr. Abdullah Al-Muyeed, Ex-Head of Policy and Advocacy; Mr. Zarif Iftekhar Rasul, Former Strategic Support Specialist and Mr. Ranjan Kumar Ghose, Policy and Governance Specialist of WaterAid Bangladesh for their valuable support at the initial level of development of NWA. I also acknowledge with thanks the contribution of all the members of steering committee, technical committee, working committee, editors' forum, report scrutiny committee for their valuable contribution in the report.

Finally, I would like to thank all other key contributors who have contributed a lot to finalise the report and complete the milestone initiative in Bangladesh's history.



Md. Alamgir Hossen

Dhaka, October 2023

আদ্যক্ষর ও শব্দসংক্ষেপ.....	x
গুরুত্বপূর্ণ ফলাফল.....	xii
নির্ধারী সারসংক্ষেপ.....	xiii
নিরাপদ পানি, স্যানিটেশন ও হাইজিন বা স্বাস্থ্যবিধি থাকা মানে অগদিত রোগের সংস্পর্শে আসার প্রতিরোধ পরিস্থিতিকে বুঝায়। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ৬ হলো 'সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা'। একটু বিস্তৃত করলে এসডিজি ৬ এর বিভিন্ন লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে অন্যতম হলো নিরাপদ ও সাক্ষীয়ী খাবার পানির প্রাপ্যতা নিশ্চিত করা, উন্নত স্থানে মলত্যাগ বন্ধ করা এবং স্যানিটেশন ও হাইজিন সুবিধা প্রাপ্তি নিশ্চিত করা। বাংলাদেশ ১৭টি এসডিজি অর্থাৎ সবকটি অভীষ্ট অর্জনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এসডিজি ৬ অভীষ্ট এবং এর সাথে সম্পৃক্ত নির্দেশকগুলো অর্জনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। তা সত্ত্বেও পানি, স্যানিটেশন ও হাইজিন (ওয়াশ) সম্পর্কিত বিষয়ে আরও অগ্রগতির ক্ষেত্রে চ্যালেঞ্জগুলো অব্যাহত রয়েছে।

বাংলাদেশে পানি ও স্যানিটেশন সংক্রান্ত পরিসেবা এবং সেবার গুণগত মানের মধ্যে ঘাটতি থাকায় স্বাস্থ্যবিধিতে বিরূপ প্রভাব পড়ছে। শহরের বন্দির মতো ঘনবসতিপূর্ণ এলাকা এবং উপকূল, আর্সেনিকপ্রবণ ও অন্যান্য দুর্গম এলাকার মানুষের জন্য পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা এবং নিরাপদ ব্যবস্থাপনার আওতায় স্যানিটেশন সেবার সম্প্রসারণে গুরুতর প্রতিবন্ধকতা রয়েছে, যা দূর করতে দরিদ্র পরিবারগুলোর জন্য আলাদা স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনসহ স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা প্রয়োজন। সরকার ও এনজিওগুলোর পদক্ষেপের মাধ্যমে স্বাস্থ্যবিধির অনুশীলনের গুরুত্ব বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্যোগ কার্যকর হলেও ভালো কাজের প্রশংসা জোরদার করাসহ অধিকতর ভালো চর্চার প্রয়োজনীয়তা রয়েছে। সরকার এবং খানাসমূহ কর্তৃক ওয়াশ বিষয়ে বিনিয়োগের জন্য তহবিল সংগ্রহ একটি চলমান প্রক্রিয়া। টেকসই ওয়াশ সেবা সরবরাহ নিশ্চিতে এ খাতে অর্থায়নের চলমান ধারাকে সচল রাখা প্রয়োজন। পাশাপাশি, তহবিল প্রবাহ অথবা অর্থায়ন কৌশল সম্পর্কে অধিকতর ধারণায়ন ওয়াশ খাতের পাশাপাশি অর্থনৈতির বাকি অংশের আপেক্ষিক বরাদ্দসহ, উভয় ক্ষেত্রেই সম্পদ বরাদ্দের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখতে পারে।

বাংলাদেশের ওয়াশ খাতে সেবা প্রদানকারী, অর্থায়নকারী, ব্যবহারকারী এবং অন্যান্য কর্মকাণ্ডের বিবেচনায় খানা বা ব্যক্তিগত ব্যয়ের প্রভাব সবচাইতে বেশি। এ ছাড়া সরকার পানি ও স্যানিটেশন সেবার উন্নয়নে এবং ওয়াশ সম্পর্কিত প্রচার কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিইচই) জাতীয় পর্যায়ে প্রধান সংস্থা (লিড এজেন্সি) যা বাংলাদেশে পানি ও স্যানিটেশন সেবা সরবরাহ ও রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত।

পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) হলো ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং নারায়ণগঞ্জের পাঁচটি প্রধান সিটি কর্পোরেশনে পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্যানিটেশন ব্যবস্থা পরিচালনাকারী প্রধান প্রতিষ্ঠান। সকল ওয়াসা স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে সরকারের বিভিন্ন সংস্থা এবং উন্নয়ন সহযোগীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে এবং ওয়াশ সম্পর্কিত অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত।

উৎপাদন ও সেবা খাতসহ বেসরকারি সংস্থা এবং এনজিওগুলো বাংলাদেশের ওয়াশ খাতে সক্রিয় ভূমিকা পালন করে। বাংলাদেশের ওয়াশ খাতের প্রধান প্রতিষ্ঠানগুলোর অর্থায়ন ট্র্যাকফিল শ্রেণিবিন্যাস অনুযায়ী নিচের চিত্র-২.১ এ উপস্থাপন করা হলো।


In Bangladesh, the gaps exist between access and quality of services on water and sanitation thereby adversely affecting hygiene. Fecal sludge management and safely managed sanitation for densely populated areas such as urban slums and extending services to people living in coastal, arsenic prone, and other hard-to-reach areas are seriously constrained. Managing sanitation facilities, including individual hygienic latrine facilities for poor households, has to be addressed. Although public awareness creation of the importance of hygienic practices has been effective through government and NGO interventions, stronger appreciation and better practices are needed. The mobilization of funds in WASH-related investment by both the government and households is a continuing process. Delivery of sustainable WASH services warrants mobilizing ongoing financing flows to the sector. concurrently, a better understanding of the flow of funds or the financing mechanism can contribute significantly to resource allocation both within the WASH sector as well as a relative share of the rest of the economy.

The WASH sector in Bangladesh is dominated by households or out of pocket expenditure as a provider, financer, user and other functionalities. The government plays an active role in the development of water and sanitation services and promotional activities related to WASH. The Department of Public Health Engineering (DPHE) is the national lead agency working under the Local Government Division (LGD) of the Ministry of Local Government, Rural Development and Co-operatives (MoLGRD&C) responsible for providing and maintaining water supply and sanitation in Bangladesh.

The Water Supply and Sewerage Authority (WASA) is the main body administering water supply, drainage and sanitation system in the five major City Corporations of Dhaka, Chattogram, Khulna, Rajshahi and Narayanganj. WASA operate as an autonomous body and work closely with different government agencies, as well as with development partners, and are responsible for the maintenance of infrastructure related to WASH.

Private organizations including the manufacturing and service sector and NGOs also play an active role in WASH sector of Bangladesh. The main actors of WASH in Bangladesh and their funding according to TrackFin classification are provided in Figure 2.1.

Figure 2.1: WASH sector actors and their Relationship with TrackFin Funding Units in Bangladesh





অধ্যায় ৩

ওয়াশ অ্যাকাউন্টস-এর পরিধি

CHAPTER 3

Boundaries of
WASH Accounts






ওয়াশ-এর সংজ্ঞা সব দেশের ক্ষেত্রে একই রকম নয়। তাই বিভিন্ন দেশের তথ্য-উপাত্তের মধ্যে সামঞ্জস্যতা নিশ্চিত করতে পণ্য ও পরিষেবার একটি আদর্শ তালিকা ট্র্যাকফিন গাইডলাইনে তালিকাভুক্ত করা হয়েছে। এ তালিকাটি একটি দেশের সীমানার মধ্যে সীমাবদ্ধ। সাধারণভাবে খাবার পানির প্রাপ্তি ও ব্যবহার, স্যানিটেশন ও হাইজিন সেবাকে পানি, স্যানিটেশন ও হাইজিন বা স্বাস্থ্যবিধি (ওয়াশ) সেবার তিনটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচনা করা হয়। তবে, ওয়াশ-এর পরিসর শুধু প্রাপ্তি ও ব্যবহারের মধ্যে সীমাবদ্ধ নয়। কারণ এসব পরিষেবাকে টেকসই করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইউএন-ওয়াটার জিএলএএস ট্র্যাকফিন উদ্যোগ: স্যানিটেশন, হাইজিন এবং খাবার পানির ওপর জাতীয় পর্যায়ে অর্থায়ন ট্র্যাকিং বা অনুসরণের জন্য নির্দেশিকা দলিল (এখানে ট্র্যাকফিন⁴ হিসেবে উল্লেখিত হবে) অনুযায়ী ওয়াশ খাতের কার্যক্রমগুলোকে দুই শ্রেণিতে বিভক্ত করা হয়েছে: (ক) উর্ধ্বমুখী (আপস্ট্রিম) কর্মকাণ্ড এবং (খ) নিম্নমুখী (ডাউনস্ট্রিম) কর্মকাণ্ড। উর্ধ্বমুখী কর্মকাণ্ডের মধ্যে রয়েছে উৎপাদন (পানি সম্পদ বাড়ানো ও রক্ষা), পানি পরিশোধন, পরিবহণ এবং বিতরণ। অন্যদিকে, নিম্নমুখী কর্মকাণ্ডের মধ্যে রয়েছে বর্জ্যপানি পরিশোধন, পরিবহন এবং নিরাপদ অপসারণ। একটি টেকসই ওয়াশ খাতের জন্য যেসব প্রয়োজনীয় কর্মকাণ্ডের পরিসর চিত্র ৩.১ এ উপস্থাপন করা হলো।

The definition of WASH varies between countries, and therefore, to ensure data consistency across different countries, a standard list of goods and services are listed in the TrackFin guideline. In general, access to and use of drinking water, sanitation and hygiene services are considered as three key critical components of Water, Sanitation and Hygiene (WASH) services. However, WASH boundaries are not limited to access and utilization, as ensuring the sustainability of these services is of critical importance. According to UN-Water GLAAS TrackFin Initiative: tracking financing for sanitation, hygiene and drinking water at the national level guidance document (hereafter will be referred as TrackFin⁴), WASH sector activities are categorized into two types of activities: (a) Upstream Activities; (b) Downstream Activities. Upstream activities cover production (augmenting and protecting water resources), water treatment, transport, and distribution, while Downstream activities deal with wastewater transport, treatment and safe disposal. The range of activities needed to have a sustainable WASH sector is presented in Figure 3.1.

Figure 3.1: Value Chain of WASH Services under Sustainable Development Goals (SDGs)



Source: UN-Water GLAAS TrackFin Initiative: Tracking financing to sanitation, hygiene and drinking-water at the national level (Figure 5).

⁴ UN-Water GLAAS TrackFin Initiative: Tracking financing to sanitation, hygiene and drinking-water at the national level. Geneva: World Health Organization; 2017. Licence: CC BY-NC-SA 3.0 IGO.

৩.১ বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস-এর পরিধি

বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনডব্লিউএ)-এর সীমারেখার মধ্যে যেসব পণ্য ও সেবার চিন্তা করা হয়েছে, তা ট্র্যাকফিন নির্দেশিকা দলিল থেকে ব্যতিক্রম কিছু নয়। বাংলাদেশের ওয়াশ খাতের জন্য অধিকতর অন্তর্দৃষ্টি প্রদানের জন্য ট্র্যাকফিনের অধীনে সংজ্ঞায়িত মূল ওয়াশ শ্রেণিবিন্যাসের মধ্যে উপ-শ্রেণি যুক্ত করা হয়েছে। উদাহরণস্বরূপ, ট্র্যাকফিন শ্রেণিবিন্যাসের মাধ্যমে ওয়াশ খাতে অর্থায়নকে 'ফাস্টিং ইউনিটস' নামে প্রকাশ করা হয়, যেখানে খানা, শিশু অথবা প্রতিষ্ঠানের ব্যয়কে 'ইউজারস (এফইউ)' নামে একটি একক শ্রেণির অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএনডব্লিউতে খানার নিজস্ব (আউট অব পকেট) ব্যয় প্রশান্তীতভাবে খুবই গুরুত্বপূর্ণ, বিশেষত নীতি নির্ধারকদের জন্য। এ ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিএনডব্লিউ একটি কাঠামো তৈরি করেছে, যেখানে 'এফইউ.১ খানা', 'এফইউ.২ বাণিজ্যিক প্রতিষ্ঠান' এর মতো উপ-শ্রেণিগুলো 'এফইউ.১ ইউজারস' এর অধীনে যুক্ত করা হয়েছে। যার ফলে ওয়াশ খাতে খানার নিজস্ব (আউট অব পকেট) ব্যয়ের উপস্থাপনা সম্ভব হয়েছে। মৌলিক শ্রেণিবিন্যাসের সঙ্গে কোনো সমরোতা না করেই এটি করা হয়েছে।

বিএনডব্লিউএ'র অধীনে ব্যবহৃত ওয়াশ পণ্য ও সেবার বিস্তৃত সংজ্ঞা নিম্নে উল্লেখ করা হলো:

পানি: পান, রান্না ও হাইজিন বা স্বাস্থ্যবিধি পরিপালনের উদ্দেশ্যে পানির উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত ব্যয় বিএনডব্লিউএ অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে। পানি সম্পদ বাড়ানো ও বৰ্ক্ষায় পানি পরিশোধন, পরিবহন ও বিতরণের বিষয়গুলোও ওয়াশ অ্যাকাউন্টের অংশ। আরও সুনির্দিষ্ট করে বললে বিএনডব্লিউএ'র অংশ হিসেবে নিম্নলিখিত ব্যয়গুলো বিবেচনা করা হয়েছে:

- বৃষ্টির পানি এবং হস্তচালিত পাম্প, স্প্রিং ক্যাচমেন্ট, এ্যাভিটি-ফিড সিস্টেম, বৃষ্টির পানি সংগ্রহ এবং কুয়াশা ব্যবহার করে বিভিন্ন উৎস (নদী, খাল, কুয়া) থেকে পানি সংগ্রহ করা;
- পানি সরবরাহের জন্য পানি বিশুদ্ধকরণ, নদী/সমুদ্রের পানি পরিশোধন প্ল্যান্টের মাধ্যমে লবণ্যমুক্ত করা;
- পানি সংরক্ষণ;
- পাইপলাইনের মাধ্যমে বহুৎ পরিসরে পানি পরিবহন ব্যয়;
- পাইপের মাধ্যমে পানি সরবরাহ (পানির পাম্প এবং স্থানীয় নেটওয়ার্কের মাধ্যমে পরিবহনসহ); এবং
- পানির সংযোগ ব্যবস্থাপনা এবং গ্রাহকবান্ধব কার্যক্রম।

স্যানিটেশন: মৌলিক স্যানিটেশন বলতে মানববর্জের (মলমৃত্ত) নিরাপদ নিষ্পত্তি বা অপসারণ সুবিধাসহ স্বাস্থ্যসম্মত পরিস্থিতি বজায় রাখার সক্ষমতাকে বুঝানো হয়। স্যানিটেশন পরিষেবা নিশ্চিত করা এবং এ সেবার উন্নতির সাথে সম্পর্কিত কর্মকাণ্ডের ব্যয় বিএনডব্লিউ-এর অংশ হিসেবে বিবেচনা করা হয়। ট্র্যাকফিন নির্দেশিকা দলিল অনুসরণপূর্বক নিম্নোক্ত বিষয়গুলো বিএনডব্লিউ-এর অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে:

৩.১ Boundaries of Bangladesh National WASH Accounts

The goods and services contemplated within the boundaries of Bangladesh National WASH Accounts (BNWA) are no different from what has been constituted under the TrackFin guidance document. To provide better insights for the WASH sector of Bangladesh, sub-classification has been added within the core WASH classification as defined under TrackFin. For example, financing of the WASH sector is expressed through a TrackFin classification called 'Funding Units', whereas expenditure made by households, industry or institutions, is classified under a single classification called 'Users (FU1)'. For BNWA, the share of household Out of Pocket Spending (OOPS) on WASH is of critical very importance, especially for the policy makers. To overcome this type of challenge, BNWA developed a framework where sub-classifications like 'FU1.1 Households' and 'FU1.2 Commercial Enterprises' are added under 'FU1. USER', thereby allowing the presentation of household WASH OOP expenditure. It is undertaken without making any compromise on the principle of the core classification.

A broader definition used in defining WASH goods and services under BNWA is provided below:

Water: Expenditures related to the production and uses of water for drinking, cooking and hygiene purposes are considered as part of the BNWA. Augmenting and protecting water resources, water treatment, transporting the water and distribution are also part of the WASH accounts. More specifically, expenditures associated with the following are considered as part of BNWA:

- Collection of rainwater and water from various sources (rivers, lakes, wells) using handpumps, spring catchments, gravity-fed systems, rainwater collection and fog harvesting;
- Purification of water for water supply purposes, desalination of sea or groundwater by treatment plants;
- Storage of water;
- Large-scale transport and conveyance of water via pipelines;
- Distribution of water through pipes (includes water pumping and transport via local water networks); and
- Management of water connections and consumer support activities.

Sanitation: Basic sanitation is defined as having access to facilities for the safe disposal of human waste (faeces and urine), as well as having the ability to maintain hygienic conditions. Expenditures associated with activities performed to create access to and improved sanitation services are considered as part of BNWA. Adopting the TrackFin guidance document, the following activities are considered as part of BNWA:

- খানায় এবং কমিউনিটিতে স্যানিটেশন অবকাঠামো নির্মাণ এবং বৃহৎ পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় সংযোগ;
- পাস্পিং স্টেশন, ড্রেনসহ বৃহৎ আকারের পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে পয়ঃবর্জ্য সংগ্রহ;
- মহলা-আবর্জনাসহ পয়ঃবর্জ্য পরিশোধন ও অপসারণ; এবং
- চাহিদা বৃদ্ধি ও স্যানিটেশন বিপণনসহ প্রচারমূলক কার্যক্রম যেমন, কমিউনিটির নেতৃত্বে সামগ্রিক স্যানিটেশন (সিএলটিএস) (আলাদাভাবে বিভাজন সম্ভব হলে হাইজিন বা স্বাস্থ্যবিধির প্রচার ব্যৱtতি)।

হাইজিন: বর্তমানে হাইজিন বা স্বাস্থ্যবিধির আর্তজাতিকভাবে স্বীকৃত কোনো সংজ্ঞা নেই। উদাহরণস্বরূপ, ট্র্যাকফিন গাইডলাইনের অধীনে কঠিন বর্জ্য অপসারণ মৌলিক ওয়াশ পরিষেবার অন্তর্ভুক্ত নয় (স্যানিটেশন বা হাইজিন কোনটিই নয়)। তবে, ব্রাজিল প্রিমিয়া ওয়াশ অ্যাকাউন্টসে কঠিন বর্জ্য ব্যবস্থাপনাকে স্যানিটেশন ব্যয় হিসেবে বিবেচনা করা হয়েছে। হাইজিন কার্যক্রমের জন্য বিদ্যমান আর্তজাতিক শ্রেণিবিন্যাস পদ্ধতিগুলোতে পানি ও স্যানিটেশন পরিষেবা ক্যাটাগরিয়ে সঙ্গে সম্পর্কিত পারম্পরিক অভিন্ন কোনো হাইজিন বা স্বাস্থ্যবিধি চৰ্চার উল্লেখ নেই। ট্র্যাকফিন পদ্ধতিগত নোট ১.৩ (এমএন ১.৩) অনুসারে 'যদি হাইজিন বা স্বাস্থ্যবিধিতে অর্থায়ন পর্যাপ্তভাবে ট্র্যাকিং বা অনুসরণ করতে হয় তবে হাইজিন পণ্য, পরিষেবা সরবরাহকারী এবং এর কর্মকাণ্ডগুলো উন্নয়ন, গ্রহণ এবং সুনির্দিষ্ট শ্রেণিবিন্যাস করে মূলধারায় আনা প্রয়োজন।'

বিএনডব্লিউএ-এর আওতায় সরকার, এনজিও অথবা সেবা প্রদানকারীদের হাইজিন বা স্বাস্থ্যবিধি প্রচার কর্মসূচির ব্যয় এবং খানা পর্যায়ের হাত ধোয়া, গোসল করা, কাপড় ধোয়া, ঋতুকালীন স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি এবং পণ্য ও যন্ত্রপাতি ধোয়া কার্যক্রমগুলো ওয়াশ অ্যাকাউন্টসের অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে। ২০২০ সালের হাইজিন বা স্বাস্থ্যবিধিতে খানার ব্যয়ের হিসাব করার সময় বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) কোভিড ১৯-এর প্রেক্ষিতে খানা পর্যায়ে গৃহীত প্রতিরোধমূলক পদক্ষেপের ব্যয় খানার ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত করেছে।

পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি সেবার সঙ্গে সরাসরি জড়িত পানি সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রমগুলো ওয়াশ অ্যাকাউন্টসের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। তবে, সেচের জন্য বাঁধ নির্মাণ বাদ দেওয়া হয়েছে। পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি খাতের নীতি প্রণয়ন এবং পরিচালনাসহ এ খাতের নীতি উন্নয়ন, আইন, ওয়াশ কার্যক্রম এবং সেবা প্রদানকারীদের নিয়ন্ত্রণ, এ খাতের পরিকল্পনা, ওয়াশ কর্মসূচিগুলোর প্রশাসনিক কাজ এবং পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিনে সক্ষমতা বৃদ্ধির বিষয়গুলোও ওয়াশ অ্যাকাউন্টের অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে।

- Construction of sanitation facilities in households and communities and connection to large sewage systems;
- Collection of sewage by large-scale sewer systems including trunk sewers, sewage pumping stations, and drains;
- Sewage treatment and disposal, including residual sludge disposal; and
- Promotion of sanitation, including demand promotion and sanitation marketing such as community-led total sanitation (CLTS) (excluding hygiene promotion if that can be disaggregated).

Hygiene: At present, there is no internationally agreed definition for hygiene. For example, disposal of 'solid waste' is not considered as part of the core WASH services (neither sanitation nor hygiene) under the TrackFin guideline. However, WASH accounts prepared by Brazil considered solid waste management as part of their sanitation expenditure. Existing international classification systems for hygiene activities do not provide any mutually exclusive hygiene practices relating to the water and sanitation service category. According to the TrackFin Methodological Note 1.3 (MN 1.3), 'If hygiene financing is to be adequately tracked, this requires the development, adoption, and mainstreaming of specific classifications for hygiene products, service providers, and functions.'

Under BNWA, expenditure related to hygiene promotion programmes by government, NGOs, or service providers and household-level hygiene activities for handwashing, bathing, washing clothes, menstrual health and hygiene, and washing material and equipment are considered as part of WASH Accounts. To capture household spending on hygiene in 2020, the Bangladesh Bureau of Statistics (BBS) considered household spending incurred for preventive measures in the backdrop of COVID 19 pandemic to be included.

Water resource management activities directly relevant to water, sanitation and hygiene service provision is included in the scope of the WASH accounts but construction of dams for irrigation purposes is excluded. Water, sanitation and hygiene sector policymaking and governance, including the development of sector policies, legislation, regulation of WASH activities and service providers, sector planning, administration of WASH programmes, and capacity building in water supply, sanitation and hygiene are also considered as part of WASH Accounts.

ওয়াশ সেবা প্রদান ও অর্থায়নে ভূমিকা রাখার ওপর ভিত্তি করে ট্র্যাকফিন ওয়াশ খাতের কর্মকাণ্ড পরিচালনাকারীদের (অ্যাক্টরদের) বৈশিষ্ট্য অনুযায়ী আলাদাভাবে চিহ্নিত করেছে। সেবা প্রদানকারীরা ওয়াশ সেবা তৈরি ও সরবরাহ করলেও অ্যাক্টররা বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহ করে অন্যান্য অর্থায়ন ইউনিটের মাধ্যমে সেবা প্রদানকারীদের কাছে হস্তান্তর বা স্থানান্তর করে। অর্থায়ন ইউনিট, যারা অর্থ সংগ্রহ ও বিতরণ করে, তাদেরকে 'ফান্ডিং ইউনিট' হিসেবে চিহ্নিত করা হয়। খানা, স্থানীয় ও বিদেশি সরকার, বেসরকারি করপোরেশন এবং অলাভজনক সংগঠনও ফান্ডিং ইউনিট হতে পারে।

ট্র্যাকফিন নির্দেশিকা অনুসরণ করে বাংলাদেশের জন্য একটি আলাদা ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (এনড্রিউটএ) কাঠামো (ফ্রেমওয়ার্ক) তৈরি করা হয়েছে, যেখানে সেবা প্রদানকারী, সেবা এবং ফান্ডিং ইউনিটসমূহের ব্যয় রিপোর্ট করার জন্য অতিরিক্ত উপ-শ্রেণিবিন্যাস করা হয়েছে। এনড্রিউটএ কাঠামোর (ফ্রেমওয়ার্ক) বাংলাদেশ সংস্করণে একটি প্রমিত কোডিং পদ্ধতি গ্রহণ করা হয়েছে। সব শ্রেণিবিন্যাসে ট্র্যাকফিন কোডগুলোর প্রতিটিতে 'বি' বর্ণ ব্যবহার করা হয়েছে। উদাহরণস্বরূপ, ট্র্যাকফিন সব সরকারি সেবা প্রদানকারী প্রতিঠানকে 'পি১' কোড দিয়ে চিহ্নিত করেছে; বাংলাদেশ এনড্রিউটএ কোড হলো 'বিপি১'। ধারণাগত ও সংজ্ঞাগত ব্যাখ্যার জন্য ট্র্যাকফিন দলিলে এ পদ্ধতিটি খুব সহজ বলে আখ্যায়িত করা হয়েছে। ওয়াশ খাতে পণ্য ও সেবা এবং সরবরাহকারী ও ব্যবহারকারী নির্বিশেষে অর্থায়ন প্রবাহ রিপোর্টিংয়ের জন্য সংযুক্তি ১-এ ট্র্যাকফিন সংজ্ঞা এবং গৃহীত বিএনড্রিউটএ শ্রেণিবিন্যাস তুলে ধরা হয়েছে। সংযুক্তি ২ এ ট্র্যাকফিন গাইডলাইনের আওতায় সুপারিশকৃত অতিরিক্ত কিছু সারণি স্থান পেয়েছে। সংযুক্তি ৩-এ সংযুক্তি ১-এর পরিপূরক হিসেবে ওয়াশ সম্পর্কিত কার্যক্রমের সঙ্গে প্রাসঙ্গিক শব্দকোষ উপস্থাপন করা হয়েছে।

সংক্ষেপে, বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনড্রিউটএ) এর অধীন ওয়াশ এর আওতা বলতে স্যানিটেশনের জন্য খাওয়ার পানির উৎপাদন, বিতরণ ও ব্যবহার অবকাঠামো উন্নয়নসহ ল্যাট্রিন নির্মাণ, পয়ঃনিষ্কাশন (ড্রেনেজ) ব্যবস্থা এবং পয়ঃবর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত ব্যয় বোঝায়। হাইজিনের জন্য প্রমিত কোনো সংজ্ঞা না থাকায় বিএনড্রিউটএ এর অধীনে হাত ধোয়ার সুবিধা বা অবকাঠামো নির্মাণ ও ব্যবহার, হাত ধোয়ায় উৎসাহিতকরণ, খাদ্য সম্পর্কিত স্বাস্থ্যবিধি এবং মাসিক সংক্রান্ত স্বাস্থ্যবিধির ব্যয় ওয়াশ সীমানার অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে। কঠিন বর্জ্য অপসারণ সংক্রান্ত ব্যয় বিএনড্রিউটএ-এর অংশ হিসেবে বিবেচনা করা হয়নি।

TrackFin characterizes WASH sector actors based on the role they play in the provision and financing of WASH services. Service providers that produce and deliver WASH services while actors that collect funds from various sources and transfer them to the service providers potentially via other financing units that pool and distribute the funding are characterized as 'Funding Units'. The funding units can be households, domestic and foreign governments, private corporations, and non-profit organizations.

A separate National WASH Accounts (NWA) Framework for Bangladesh has been developed adhering to the TrackFin guidance document with additional sub-classifications for reporting expenditure by providers, services, and funding units. A standardized coding procedure has been adopted in the Bangladesh version of the NWA framework. The alphabet 'B' has been added to each of the TrackFin codes across all classifications. For example, TrackFin identifies all government providers with the code P1; the Bangladesh NWA code is 'BP1'. This approach allows easy referral to the TrackFin document for conceptual and definitional explanations. Annex 1 provides a TrackFin definition and adopts BNWA classifications for reporting financing flow in the WASH sector, goods and services, providers, and uses. Selected additional WASH tables, as recommended under the TrackFin guideline, are presented in Annex 2. Annex 3 complements Annex 1 by presenting a glossary of terms pertinent to WASH-related activities.

In summary, WASH boundaries under the Bangladesh National WASH Accounts (BNWA) represent expenditures related to production, distribution, and consumption of drinking water infrastructure development for sanitation, including the construction of latrine, drainage system, disposal, and management of faecal sludge. In the absence of any standard definition for hygiene under WASH, BNWA considers expenditures related to the construction and use of handwashing facilities, promotion of handwashing, food hygiene and menstrual hygiene as part of the WASH boundaries. Expenditure related to disposing of solid waste is not considered as part of BNWA.

অধ্যায় ৪

পদ্ধতি ও পদ্ধা

CHAPTER 4

Methodology
and Approaches



অধ্যায় ৪: পদ্ধতি ও পদ্ধতি

CHAPTER 4: Methodology and Approaches

পানি, স্যানিটেশন এবং হাইজিন (ওয়াশ) খাতে ব্যয়ের হিসাব প্রাক্তলন করতে বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনড্রিউটএ) বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ড্রিউএইচও) প্রণীত 'ইউএন-ওয়াটার জিএলএএএস ট্র্যাকফিন উদ্যোগ: জাতীয় পর্যায়ে স্যানিটেশন, হাইজিন ও খাবার পানির অর্থায়ন ট্র্যাকিং' শীর্ষক নির্দেশিকা ডকুমেন্ট অনুসরণ করা হয়েছে। ইউএন-ওয়াটার জিএলএএএস ট্র্যাকফিন উদ্যোগটি একটি নিয়মানুগ উপায় (সিস্টেমেটিক) অনুসরণের মাধ্যমে ওয়াশ খাতে অর্থায়ন চিহ্নিত ও ট্র্যাকিং করতে পদ্ধতি নির্ধারণ করেছে। এ পদ্ধতিটি সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (এসএনএ) এবং সিস্টেম অব হেলথ অ্যাকাউন্টস (এসএইচএ)-এর মতো ব্যয় ট্র্যাকিংয়ের বিদ্যমান আন্তর্জাতিক ব্যবস্থার (সিস্টেম) ভিত্তিতে তৈরি করা হয়েছে। বিএনড্রিউটএ তৈরিতে নিযুক্ত মুখ্য গবেষকদের বাংলাদেশ হেলথ অ্যাকাউন্টস তৈরির একাধিক পর্যায় পরিচালনার পূর্বাভিজ্ঞতা রয়েছে। ওয়াশ খাতে অর্থায়ন চিহ্নিতকরণ ও ট্র্যাকিং জটিল এবং চ্যালেঞ্জিং। কেননা, এটি একাধিক উপ-খাত (পানি, স্যানিটেশন এবং হাইজিন) নিয়ে কাজ করে। ওয়াশ সেবা প্রদানকারী ও উপকারভোগীর ধরন বৈচিত্র্যপূর্ণ এবং এ সেবা একাধিক অংশীজনের অর্থায়নের সঙ্গে সম্পৃক্ত। ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (এনড্রিউটএ) উদ্দেশ্য এবং ধারণাগত দিক দিয়ে ন্যাশনাল হেলথ অ্যাকাউন্টস (এনএইচএ)-এর অনুরূপ। এনএইচএ স্বাস্থ্য খাতে অর্থনৈতিক কর্মকাণ্ড সংগ্রহ ও একত্রিত করার একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রমিতমানের সুপারিশমালা। ন্যাশনাল হেলথ অ্যাকাউন্টস হিসাব প্রাক্তলনের জন্য এনএইচএ আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের হলেও ওয়াশ অ্যাকাউন্টস এখন পর্যন্ত আন্তর্জাতিকভাবে সম্মত মানদণ্ড অথবা অভিন্ন নিয়ম মেনে তৈরি হয়নি।

Bangladesh National WASH Accounts (BNWA) followed the World Health Organization (WHO) guidance document 'UN-Water GLAAS TrackFin Initiative: Tracking financing for sanitation, hygiene and drinking water at the national level' to estimate expenditure in the Water, Sanitation and Hygiene (WASH) sector. The UN-Water GLAAS TrackFin Initiative sets out a methodology to identify and track financing of the WASH sector in a systematic way. The methodology is built on existing international systems for tracking expenditure, like the System of National Accounts (SNA) and the System of Health Accounts (SHA). Key researchers engaged in developing the BNWA have had experience conducting multiple rounds of Bangladesh National Health Accounts. Identifying and tracking financing for the WASH sector is complex and challenging as it deals with multiple sub-sectors (water, sanitation, and hygiene). WASH service providers and beneficiaries are diverse and involve financing from multiple stakeholders. In purpose and in many conceptual details, the National WASH Accounts (NWA) is similar to the National Health Accounts (NHA). NHA is an internationally agreed-upon standard set of recommendations for collecting and collating economic activity within the health sector. While the NHA is an internationally accepted standard for estimation of National Health Accounts, WASH Accounts are yet to develop as an internationally agreed standard or uniform set of conventions.

যার ফলে ওয়াশ এর সংজ্ঞা ও সীমার মৌলিক নীতির সঙ্গে আপস ছাড়াই বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনডারিউএ)-এ কিছু উপ-শ্রেণিবিভাগ যুক্ত করা হয়েছে। আশা করা হচ্ছে, এটি বিদ্যমান ওয়াশ শ্রেণিবিন্যাস সম্মত করতে অবদান রাখবে। উদাহরণস্বরূপ, বিএনডারিউএ খানার নিজস্ব (আউট অব পকেট) ব্যয় 'ফান্ডিং ইউনিট' শ্রেণিবিন্যাসের মধ্যে 'ইউজার' অংশে একসঙ্গে না রেখে আলাদাভাবে উপ-শ্রেণিবিন্যাস হিসেবে অন্তর্ভুক্তির সুপারিশ করেছে। ওয়াশ ট্র্যাকফিন উদ্যোগ এনএইচএ'তে ব্যবহৃত মানসম্মত প্রক্রিয়া অনুসরণের সুপারিশ করেছে, যার উদ্দেশ্য মূলত এ বিষয়ে বৈশ্বিক মান প্রণয়ন। কোন উপাদানগুলো ওয়াশ ব্যয়ের মধ্যে পড়ে, কোন ধরনের সংস্থা এবং প্রতিষ্ঠান এ খাতের সঙ্গে জড়িত এবং এ খাতে কী ধরনের বিভাজন প্রয়োজন সেবা বিষয়ে একটি সংজ্ঞায় পৌঁছানোর ক্ষেত্রে বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনডারিউএ)-এর ধারণাগত কাঠামোটি ব্যবহৃত ও নীতি নির্ধারকদের সাহায্য করতে পারে। এ কাঠামোর মধ্যে শ্রেণিবিন্যাস ও পরিভাষা অন্তর্ভুক্ত রয়েছে যা ব্যয় চিহ্নিতকরণ ও প্রথকীকরণের ভিত্তি হবে: (১) ওয়াশ সেবা ও সেবা এলাকা; (২) ওয়াশ সেবা ও ব্যবহার; (৩) ওয়াশ সেবা ও সেবা প্রদানকারী এবং (৪) ওয়াশ সেবা প্রদানকারী, অর্থায়নের ধরন এবং অর্থায়ন ইউনিট। সংক্ষেপে, ওয়াশ শ্রেণিবিন্যাস হলো এ খাতের সঙ্গে সম্পৃক্ত অ্যাক্টরদের চিহ্নিত করার উপায়। ওয়াশ শ্রেণিবিন্যাসের মাধ্যমে সেবার ধরন, কারা সেবা দিচ্ছে এবং কিভাবে অর্থায়ন হচ্ছে এসব বিষয়ে ব্যয়ের রিপোর্টিং করা সম্ভব হয়।

বিভিন্ন অভিজ্ঞতা এবং পূর্ববর্তী বিভিন্ন গবেষণায়^৪ চিহ্নিত তথ্য ও ওয়াশ খাতের কর্মকাণ্ডে জড়িতদের পর্যালোচনার ভিত্তিতে বলা যায়, বাংলাদেশে ওয়াশ ব্যয় ট্র্যাকিং চারটি প্রধান উৎস থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের ভিত্তিতে করা হয়েছে। এগুলো হলো: (১) খানা; (২) সরকার; (৩) এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানসমূহ (সরকারি ও বেসরকারি); এবং (৪) এনজিওসমূহ। এ উদ্যোগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান বুরো (বিবিএস) এবং বিবিএস-এর তত্ত্বাবধানে ডাটা ইন্টারন্যাশনাল (ডিআই) লিমিটেড ভাগাভাগি করে তথ্য-উপাত্ত সংগ্রহ করেছিল। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (সিজিএ) থেকে প্রাপ্ত সরকারের নিরীক্ষিত ব্যয়ের উপাত্ত ব্যবহার করে এ উদ্যোগের আওতায় ওয়াশ খাতে সরকারের ব্যয়ের হিসাব তৈরি করা হয়েছে।

This allowed the Bangladesh National WASH Accounts (BNWA) to add sub-classifications without making any compromise on the core principle of WASH definitions and boundaries, with the expectation that it would contribute towards enrichment of the existing WASH classifications. For example, BNWA suggests the inclusion of a sub-classification to report household Out of Pocket Spending (OOPS) separately rather than having it lumped as part of the 'User' under the 'Funding Unit' classification. The WASH TrackFin initiative recommends adopting standard approaches used in NHA, with the ultimate objective of developing global standards. The conceptual framework for Bangladesh National WASH Accounts (BNWA) involves reaching a definition of what constitutes WASH expenditure, what entities and institutions are involved in this sector, and the types of disaggregation needed that can help sector managers and policymakers. The structure includes classifications and terminology to be used in identifying and disaggregating expenditures by: (i) WASH service and service area; (ii) WASH service and use; (iii) WASH service and provider; and (iv) WASH provider, financing type and financing unit. In brief, WASH classifications are the means through which actors in the sectors are identified. WASH classification allows reporting expenditure by types of services, who provide the services and how it gets financed.

Based on a review of literature and WASH sector actors identified in earlier studies⁵, tracking of WASH expenditure for Bangladesh encompasses data collection and analysis from four major sources: (i) households; (ii) government; (iii) enterprises and institutions (private and government); and (iv) NGOs. The effort in data collection under this initiative was divided between the Bangladesh Bureau of Statistics (BBS) and Data International Ltd. (DI) under the supervision of BBS. This initiative reports government expenditure on WASH using audited expenditure data obtained from the Office of the Controller General of Accounts (CGA), Ministry of Finance, Government of Bangladesh.

⁴WaterAid-PPRC-Unicef, BANGLADESH Analysis on WASH Budget Allocation & Expenditure FY 2018-19,

WaterAid-HDRC, Analysis of the National Budget for Water and Sanitation Sector in Bangladesh: FY 2007/8-FY2016/17

৪.১ খানার উপাত্ত

২০২১ সালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো (বিবিএস) পরিচালিত খানা পর্যায়ের জাতীয় জরিপের মাধ্যমে ওয়াশ এ খানার ব্যয়ের উপাত্ত তৈরি করা হয়েছে। সময় এবং আর্থিক সম্পদ উভয় বিবেচনায় নমুনায়ন প্রক্রিয়া ব্যয় সাশ্রয়ী করতে খানার ক্ষেত্রে দৈবচয়ন ভিত্তিতে একটি নমুনা নকশা (ডিজাইন) অনুসরণ করা হয়। এটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যরোর (বিবিএস) সমন্বিত বহুমুখী নমুনায়ন কাঠামো (ইন্টিহেটেড মাল্টিপারপাস স্যাম্পল বা আইএমপিএস)-এর ভিত্তিতে তৈরি করা হয়েছে। এ কাঠামো পল্লি ও শহরাঞ্চলের বিভাজনসহ জাতীয় ও আঞ্চলিক (বিভাগীয় পর্যায়ে) প্রতিনিধিত্ব নিশ্চিত করেছে। এ নমুনায়ন নকশায় (ডিজাইন) একটি স্তরভিত্তিক (স্ট্রাটিফাইড) দুই পর্যায়ের ক্লাস্টার নমুনায়ন পদ্ধতি ব্যবহার করা হয়েছে, যেখানে প্রথম পর্যায়ে গণনা এলাকা (ইএ) নির্বাচন করা হয়েছে; দ্বিতীয় পর্যায়ে নির্ধারিত গণনা এলাকাগুলোর (ইএ) মধ্যে থেকে খানা বাছাই করা হয়েছে। গণনা এলাকাগুলোকে (ইএ) প্রাথমিক নমুনায়ন এলাকা (পিএসইউ) হিসেবে বিবেচনা করা হয়েছে এবং প্রতিটি পিএসইউ থেকে ২৫টি খানা জরিপের জন্য নমুনা হিসেবে নির্বাচন করা হয়েছে। ২০১১ সালের জনশুমারিকে নমুনায়ন কাঠামো হিসেবে ব্যবহার করে এ জরিপে পল্লি ও শহরাঞ্চলসহ জাতীয় পর্যায়ের প্রতিনিধিত্ব নিশ্চিত করতে দুই পর্যায়ের স্তরভিত্তিক ক্লাস্টার জরিপে নকশা অনুসরণ করা হয়েছে। পল্লি ও শহরাঞ্চলে সমান বৃক্তনসহ সর্বমোট ২০২টি প্রাথমিক নমুনা এলাকা (পিএসইউ) থেকে দুঁটি এলাকার প্রতিটি থেকে ২,৫২৫টি খানাকে নির্বাচন করা হয়েছে।

স্তরবিন্যাস

এ উদ্যোগের উদ্দেশ্য অনুযায়ী জাতীয় পর্যায়ের পাশাপাশি এবং পল্লি ও শহরাঞ্চল পর্যায়ের পৃথকভাবে প্রাকলন করার প্রয়োজন হয়। শহর ও পল্লি এলাকায় ব্যক্তিগত (আউট অব পকেট) ব্যয়ের ক্ষেত্রে বড় ধরনের পার্থক্য থাকতে পারে এ বিবেচনায় প্রাকলনের নির্ভুলতা বাড়াতে শহর-পল্লি স্তরবিন্যাস ব্যবহার করা হয়েছে। প্রশাসনিক সীমানার জন্য কোনো স্তরবিন্যাস আলাদাভাবে বিবেচনায় নেয়া হয়নি।

নমুনার আকার গণনা

এ উদ্যোগটিতে শহরাঞ্চল ও পল্লি নামে দুঁটি আলাদা ডোমেইন বা কার্যক্ষেত্র বিবেচনা করা হয়েছে। প্রত্যেক ডোমেইন বা কার্যক্ষেত্রের জন্য ন্যূনতম প্রয়োজনীয় নমুনা আকার নিচের নমুনায়ন ফর্মুলার মাধ্যমে নির্ধারণ করা হয়েছে।

$$n = \frac{(1-p)}{p} \left[\frac{z(\alpha/2)}{r} \right]^2 \times f$$

4.1 Household Data

Household expenditure data on WASH has been generated through a national survey of households conducted by the Bangladesh Bureau of Statistics (BBS) in 2021. To allow the sampling procedure to be cost-effective, both in terms of time and financial resources, a random cluster sample design of households was pursued. It was based on the Integrated Multipurpose Sample (IMPS) frame of the Bangladesh Bureau of Statistics (BBS). This framework ensures both national and regional (implying divisional) representativeness, including urban and rural disaggregation. The sampling design involved a stratified two-stage cluster sampling method where, in the first stage, Enumeration Areas (EA) were selected; in the second stage, households (HHs) were selected within the selected EA. The EA is considered as the Primary Sampling Unit (PSU), where a sample of 25 HH per PSU is selected for the survey. Using the Population Census 2011 as the sampling frame, the survey followed a two-stage stratified cluster survey design, ensuring national-level coverage with rural and urban representation. A total of 202 Primary Sampling Units (PSU), with an equal distribution of PSUs between urban and rural, were selected, covering 2,525 households from each of the two areas.

Stratification

The objectives of the initiative required the estimation to be done at national levels as well as at the urban and rural levels separately. Considering that out of pocket expenditure may be highly heterogeneous between urban and rural areas, an urban-rural stratification is therefore used to increase the precision of the estimates. No stratification for administrative boundaries was taken into consideration.

Sample size calculation

This initiative considered two separate domains, namely, urban and rural. Using the following sampling formula the minimum required sample size for each domain is determined:

$$n = \frac{(1-p)}{p} \left[\frac{z(\alpha/2)}{r} \right]^2 \times f$$

সূত্রে 'P' হলো প্রয়োজনীয় বৈশিষ্ট্যের জনসংখ্যার একটি অগ্রাধিকার অংশ, যেখানে 'z(a/2)' হলো স্বাভাবিক পরিবর্তন বা চলকের মান যা খারাপ নমুনার সম্ভাবনাকে অনুমোদন দেয়, 'd' হলো অনুমোদনযোগ্য ভুলের মার্জিন, 'r' হলো অনুমোদনযোগ্য ভুলের মার্জিনের আপেক্ষিক হার, যা 'P' এর একটি অনুমিত সঠিক অংশের মধ্যে গণনা করা হয় এবং 'f' হলো বহু পর্যায়ের ক্লাস্টার নমুনায়ন ব্যবহার করে জটিল এ জরিপের জন্য ব্যবহৃত নকশার প্রভাব। প্রচলিতভাবে বাংলাদেশের বেশিরভাগ আর্থসামাজিক জরিপের ক্ষেত্রে 'a' কে 0.05 হিসেবে এবং 'f'কে 1.5-2.0 হিসেবে গ্রহণ করা হয়ে থাকে।

ওয়াশ জরিপটি যাতে বিভিন্ন ধরনের চলক নিয়ে কাজ করতে পারে জরিপের নকশা প্রণয়নে সে বিষয়টি বিবেচনায় নেয়া হয়েছে। 'p' এবং 'r' এর যথাযথ মূল্যমান নিশ্চিত করতে খানা আয় ও ব্যয় জরিপ (এইচআইইএস) ২০১৬ থেকে ওয়াশ সম্পর্কিত (সাবান, শ্যাম্পু, কস্তিশনার, টুথপেস্ট) ব্যয়ের ক্ষেত্রে খানার অংশের ব্যয়ের অনুপাত বিবেচনায় নেয়া হয়েছে। খানা আয় ও ব্যয় জরিপ (এইচআইইএস) ২০১৬ অনুযায়ী ওয়াশ বিষয়ে খানার ব্যয়ের অনুপাত ২৫ শতাংশ ($p=0.25$) হিসেবে প্রাকলন করা হয়েছে। দুই স্তরের নমুনায়ন বিবেচনা করার ক্ষেত্রে $f=2$ ধরে রক্ষণশীল নকশার প্রভাব বিবেচনা করা হয়েছে। এখন যদি $a=0.05$ ধরে $z(a/2)=1.96$ বিবেচনা করা হয় তাহলে জনসংখ্যার বৈশিষ্ট্য ($p=0.25$) প্রাকলন করে সর্বোচ্চ $\pm 10\%$ ($r=0.1$) ভুল গ্রহণ করতে ন্যূনতম নমুনার আকার পাওয়া যেতে পারে আনুমানিক ২৩০৫টি খানা। কোভিড ১৯ পরিস্থিতির কারণে ১০ শতাংশের নিকট থেকে আশাতীত সাড়া পাওয়া যাবে না বলে বিবেচনা করা হয়। ফলে, খানা জরিপের জন্য ১.১০ এর গুণিতক বিবেচনায় নিয়ে চূড়ান্ত নমুনা নির্ধারণ করা হয়েছে। $n=2,300 \times 1.10 = 2530 \approx 2,525$ (২৫-এর গুণিতক সমতা করার জন্য)।

নমুনা আকার বিন্যাস

পল্লি ও শহরাঞ্চল উভয় পর্যায়ে পৃথক প্রাকলনের জন্য নমুনা আকার ন্যূনতম নমুনা আকারের প্রয়োজনীয়তা অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। এভাবে শহর-পল্লি স্তরবিন্যাসে সমান সংখ্যক নমুনার বিবেচনা করা হয়েছে। শহর এবং পল্লি নমুনা আকার বিভাজন নিচে উল্লেখ করা হলো:

In the formula, 'p' is an a priori proportion of the required characteristics in the population, 'z(a/2)', the value of the standard normal variate allowing a probability of bad samples, 'd', the allowable margin of error, 'r', the relative rate of allowable margin of error, computed as a portion of the assumed true proportion 'p', and 'f' is the design effect used for complex surveys using multi-stage cluster sampling. Conventionally, 'a' has been taken as 0.05 and 'f' has been taken as 1.5 – 2.0 for most of the socio-economic surveys in Bangladesh.

In designing the survey, it was considered that the WASH survey is likely to deal with a diverse range of variables. To ensure appropriate values of 'p' and 'r', the proportion of households (HH) incurring WASH-related expenditure (bath soap, shampoo, conditioner, toothpaste) from the Household Income Expenditure Survey (HIES) 2016 is considered. According to HIES 2016, the proportion of households (HH) making expenditures on WASH is estimated to be 25% ($p=0.25$). While a two-stage sampling is considered, a conservative design effect can be considered by taking $f=2$. Now if the choice of $a=0.05$ giving $z(a/2) = 1.96$, is considered, then to allow a maximum error of $\pm 10\%$ ($r=0.1$) in estimating a characteristic with ($p=0.25$), the minimum required sample size using equation (1) can be obtained to be approximately 2,305 HHs. Due to COVID 19 situation, an unprecedented level of 10% non-response is kept in consideration. Hence, the final sample for the household survey is determined by multiplying a factor of 1.10, resulting in a sample size of $n=2,300 \times 1.10 = 2530 \approx 2,525$ (To equalize the multiplier of 25).

Allocation of Sample Size

Since individual estimation is required in both rural and urban domains, the sample size was determined to address the minimum sample size requirement. Hence, for the urban-rural stratification, an equal allocation of the sample size was sufficed. The urban and rural split of the sample size was as follows:

Table 4.1: Distribution of Sample Household by Urban and Rural

Stratum	No. of EAs	No. of HH
Urban	101	2,525
Rural	101	2,525
Total	202	5,050

৪.২ সরকারি ব্যয়ের উপাত্ত

বাংলাদেশ সরকারের হিসাব মহানিয়ন্ত্রকের (সিজিএ) কার্যালয়ের নিরীক্ষিত সরকারি ব্যয়ের উপাত্ত ওয়াশ সম্পর্কিত ব্যয়ের মূল উৎস। অতীতে ওয়াশ বাজেট বরাদ্দ এবং ব্যয়ের ওপর পর্যালোচনা করা হতো প্রধানত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের বাজেট উপাত্তের ওপর ভিত্তি করে।

এ উদ্যোগের অধীনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিরীক্ষিত ব্যয় এবং ওয়াশ সম্পৃক্ত অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের ব্যয় বিবেচনা করা হয়েছে। সিজিএ প্রত্যেকটি কর্মসূচি ও প্রকল্পের জন্য একটি অন্য (ইউনিক) বাজেট কোডিং পদ্ধতি অনুসরণ করে। ওয়াশ খাতে সরকারের ব্যয় চিহ্নিত করতে ২০১৯-২০ অর্থবছরের সরকারের বাজেট বইগুলোর আদ্যোপাত্ত পর্যালোচনা করা হয়েছে।

বাজেট বইগুলো পর্যালোচনায় দেখা যায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সিটি করপোরেশনগুলো বাংলাদেশের ওয়াশ খাতের প্রধান প্রধান প্রতিষ্ঠান। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের বাইরে অন্যান্য মন্ত্রণালয়গুলোও ওয়াশ-এ ব্যয় করে। ওয়াশ খাতে সরকারের সমন্ত ব্যয় হিসাব করতে জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এবং পাঁচটি পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষের (ওয়াসা) ব্যয় সরকার কর্তৃক ওয়াশ খাতে ব্যয়ের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর বাইরে সিটি করপোরেশন, পৌরসভাসহ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অন্যান্য ব্যয় এবং অন্যান্য মন্ত্রণালয়ের ব্যয় কেস-টু-কেস ভিত্তিতে আলাদাভাবে বিবেচনা করা হয়েছে।

4.2 Government Expenditure Data

Audited public expenditure data maintained by the Office of the Controller General of Accounts (CGA) of the Government of Bangladesh is the key source of government's WASH-related expenditure. In the past, analysis on WASH budget allocation and expenditure was done, which primarily relied on budget data from the Ministry of Local Government, Rural Development & Cooperative (MoLGRD&C).

Under this initiative, audited expenditures of the MoLGRD&C and WASH-related expenditures of all other ministries and divisions are considered. CGA follows a unique budget coding system for every programme and project. In identifying government expenditure on WASH, a thorough review of government budget books for the year 2019-20 was carried out.

A review of the budget books revealed that the Department of Public Health Engineering (DPHE), Water and Sewerage Authority (WASA) and City Corporations under MoLGRD&C are the key players in the WASH sector in Bangladesh. Apart from the MoLGRD&C, other ministries also make expenditures on WASH. To account for all government spending on WASH, the entire outlay of the Department of Public Health Engineering (DPHE) and the five Water and Sewerage Authorities (WASAs) are booked as part of the WASH sector spending by the government. The remaining expenditures of the MoLGRD&C, including the City Corporation, Municipalities/Paurashavas and other ministries, are considered individually on a case-to-case basis.

4.3 Enterprises and Institutions Expenditure Data

Aside from the government and household out of pocket expenditure on WASH, enterprises and institutions also contribute to spending related to WASH goods and services from their own resources. Private sector enterprises, educational institutions, healthcare facilities, and NGOs are such bodies where their expenditure on WASH is normally not reported by the government or households. To account for these expenditures, separate surveys were designed, ensuring national representation. For this, two Advisory Committees, comprising BBS officials, academics, WaterAid and Data International, were formed. The survey methodology and sampling procedure were reviewed by the Working Committee and the Technical Committee of the National WASH Accounts.

৪.৩ এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানের ওয়াশ ব্যয়ের উপাত্ত

ওয়াশ-এ সরকারি এবং খানা পর্যায়ের নিজস্ব বা ব্যক্তিগত ব্যয়ের (আউট অব পকেট) বাইরে বিভিন্ন এন্টারপ্রাইজ এবং প্রতিষ্ঠানগুলো তাদের নিজস্ব সম্পদ থেকে ওয়াশ সম্পর্কিত পণ্য ও সেবার সাথে সম্পর্কিত ব্যয়ে অবদান রাখে। বেসরকারি খাতের এন্টারপ্রাইজ, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা সুবিধা প্রদানকারী এবং এনজিওগুলোর মতো সংস্থার ওয়াশ ব্যয় সাধারণত সরকার অথবা খানার ব্যয়ের রিপোর্টে উল্লেখ থাকে না। এসব ব্যয় হিসাবে আনার জন্য জাতীয় প্রতিনিধিত্ব নিশ্চিত করে আলাদাভাবে জরিপের নকশা করা হয়েছে। এজন্য বিবিএস কর্মকর্তা, শিক্ষাবিদ, ওয়াটারএইড এবং ডাটা ইন্টারন্যাশনালের প্রতিনিধিদের সমন্বয়ে দুটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। জরিপের পদ্ধতি ও নমুনায়ন প্রক্রিয়া ন্যাশন্যাল ওয়াশ অ্যাকাউন্টস-এর ওয়ার্কিং কমিটি এবং কারিগরি কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে।

জরিপের ফলাফলে অধিক সঠিকতা নিশ্চিত করতে কারিগরি কমিটি জরিপের পদ্ধতিকে ৫ শতাংশ নির্ভুল এবং ৯৫ শতাংশ আস্থার ব্যবধান হিসেবে অনুমোদন করেছে।

ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (এনডব্লিউএ) কমিটিগুলোর সুপারিশের ভিত্তিতে ৭টি স্বত্ত্ব উপখাত যেখানে যুক্তিযুক্তভাবে ওয়াশ এ উল্লেখযোগ্য ব্যয় করা হয় এবং অন্যান্য সকল এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানগুলোর বাকি অংশ নিয়ে একটি শ্রেণি বা ক্যাটগরি তৈরি করা হয়েছে। সারণি ৪.২-এ ৯টি নির্ধারিত উপ-খাতের তালিকা দেওয়া হয়েছে। এন্টারপ্রাইজ এবং প্রতিষ্ঠানের (বেসরকারি এবং সরকারি) ওয়াশ ব্যয়ের তথ্যের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো (বিবিএস) বিজনেস ডাইরেক্টরি ২০১৯-কে নমুনা কাঠামো হিসেবে ব্যবহার করা হয়েছে। দৈব নমুনা বাছাই পদ্ধতি অনুসরণ করে প্রতিটি উপখাতে প্রয়োজনীয় ন্যূনতম নমুনা বাছাই করা হয়েছে। নমুনার আকার হিসাব করার পরিসংখ্যান সূত্র নিচে উপস্থাপন করা হলো।

$$n = \left[\frac{1}{N} + \frac{N-1}{N} \cdot \left(\frac{1}{PQ} \right) \cdot \left(\frac{k}{z_{1-\frac{\alpha}{2}}} \right)^2 \right] - 1$$

এখানে N =জনসংখ্যার আকার, P =জনসংখ্যার অনুপাত, $Q=1-P$, k =নির্ভুলতার প্রত্যাশিত মাত্রা, $z_{(1-\alpha/2)}$ হলো আস্থার প্রত্যাশিত মাত্রার স্থাভাবিক আদর্শ সমন্বয় মান, $1-\alpha$.

To ensure higher accuracy of the survey findings, the 'Technical Committee' approved the survey methodology with 5% precision and a 95% confidence interval.

Based on the recommendation of the National WASH Accounts (NWA) committees, seven independent subsectors, which arguably make considerable expenditure on WASH, and a residual lumping of all other enterprises and institutions into one category were created. A list of the nine identified subsectors and institutions is provided in Table 4.2. To capture WASH expenditure by enterprises and institutions (private and government), the Bangladesh Bureau of Statistics (BBS) Business Directory 2019 was used as the sampling universe. Following a random sample selection technique, the required minimum sample for each of the sub-sectors was selected. The statistical formula used for calculating the sample size is presented below.

$$n = \left[\frac{1}{N} + \frac{N-1}{N} \cdot \left(\frac{1}{PQ} \right) \cdot \left(\frac{k}{z_{1-\frac{\alpha}{2}}} \right)^2 \right] - 1$$

Where N =population size, P =population proportion, $Q=1-P$, k =desired level of precision, and $z_{(1-\alpha/2)}$ is the value of the normal standard coordinate for a desired level of confidence, $1-\alpha$.

Table 4.2: Sampling Frame and Sample Size of Enterprises and Institutions Surveys

SL	Institutions and Enterprises Category	Frame	Sample size
01	Non-Government Organization	3,693	397
02	Private School & College (Class 6-15)	23,427	356
03	Universities (Public and Private)	329	99
04	Private Health Facility	3,758	380
05	Public and Private Banks	66	56
06	Ready Made Garments and Knitting Factory	5,276	360
07	Hotel, Restaurants and Tea Stalls	2,285	380
08	Other Enterprises 10+ Employees	80,733	330
09	Development Partner	31	21

৪.৪ উপাত্ত বিশ্লেষণ

বিভিন্ন ধাপে ওয়াশ ব্যয়ের উপাত্ত বিশ্লেষণ এবং প্রাক্কলন করা হয়েছে। সরকারি ব্যয় বিশ্লেষণ এবং ওয়াশ শ্রেণিবিন্যাস অনুযায়ী সেগুলো আলাদা শ্রেণিভুক্ত করা হয়েছে। প্রকাশিত এবং অপ্রকাশিত (যেমন, বিভাগীয় নিরীক্ষা প্রতিবেদন) দলিলাদি পর্যালোচনা করে এবং এ সম্পর্কিত কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে এটা করা হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে এ অনুশীলন চ্যালেঞ্জিং ছিল, বিশেষত প্রকল্প ও কর্মসূচিগুলোর জন্য ভিন্ন ভিন্ন ওয়াশ সেবা প্রদান করে। উদাহরণস্বরূপ, সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষকে (ওয়াসা) দেয়া তহবিল প্রায়ই ‘পানি’ এবং ‘স্যানিটেশন’ উভয় সেবা খাতে খরচ করা হয়। এক্ষেত্রে, এ ধরনের উদ্যোগ বাস্তবায়নকারী সংস্থাগুলোর সাথে আলোচনার ভিত্তিতে বিভিন্ন কার্যক্রমের অতিরিক্ত তথ্য এবং বিভাজিত ব্যয়ের হিসাব সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। ওয়াশ শ্রেণিবিন্যাস অনুযায়ী ব্যয় আলাদা করা এবং নতুন করে বিন্যাস করতে পরিসংখ্যান সফটওয়্যার স্টাটা ব্যবহার করা হয়েছে।

ট্র্যাকফিন নির্দেশিকা দলিল অনুসরণ করে এনজিওসহ বেসরকারি খাত এবং সরকারি খাতের এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানের ব্যয়ের ওপর সংগৃহীত উপাত্ত ‘কোড’ আকারে বিন্যাস করা হয়েছে এবং বিএনডব্লিউএ শ্রেণিবিন্যাস অনুসারে বিশ্লেষণ করা হয়েছে। তথ্য সংগ্রহ অংশে বর্ণিত এন্টারপ্রাইজ এবং প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে জাতীয় ওয়াশ ব্যয় প্রাক্কলন করতে প্রত্যেক ক্যাটাগরির এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানের ‘নমুনায়ন ভর’ (স্যাম্পলিং ওয়েট) বিবিএস বিজনেস ডাইরেক্টরি ২০১৯ এর নমুনার অনুপাত হিসেবে গণনা করা হয়েছে। পরবর্তীতে নমুনা পর্যবেক্ষণের গড় প্রাক্কলন করতে ‘নমুনায়ন ভর’ (স্যাম্পলিং ওয়েট) গুণ করার মাধ্যমে প্রত্যেক ক্যাটাগরির এন্টারপ্রাইজ ও প্রতিষ্ঠানের জন্য স্ফীত (ডো-আপ) হিসাব প্রাক্কলন করা হয়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো (বিবিএস) কর্তৃক খানা জরিপের উপাত্ত সংগ্রহের পাশাপাশি খানার ওয়াশ ব্যয় প্রাক্কলনে ‘নমুনায়ন ভর’ ব্যবহার করা হয়েছে। ট্র্যাকফিন নির্দেশিকা দলিল অনুসরণ করে খানার ব্যয়ের উপাত্ত সংগ্রহ করে ওয়াশ শ্রেণিবিন্যাস অনুযায়ী শ্রেণিবদ্ধ করা হয়েছে।

4.4 Data Analysis

Data analysis and estimates of expenditures on WASH were done in several steps. Analyzing government expenditures and classifying them according to the WASH classifications was carried out through a review of published and unpublished (e.g., departmental audit reports) documents and in discussion with government and non-government officials responsible for the implementation of the programmes and projects. In some cases, the exercise was challenging, especially for projects and programmes that provided multiple WASH services. For example, funding provided to the Water and Sewerage Authority (WASA) by the government is often used for both ‘Water’ and ‘Sanitation’ services. In such cases, this initiative tried to collect additional information and allocate expenditures to various activities based on discussions with the implementing agencies. Statistical software, STATA, was used for apportioning and redistributing expenditures by WASH classifications.

Following the TrackFin guidance document, expenditure data collected from private and some public sector enterprises and institutions, including NGOs, has been coded and analyzed according to BNWA classifications. To estimate national spending on WASH by the enterprises and institutions as described under the data collection section, ‘sampling weights’ for each category of enterprises and institutions are calculated as a proportion to the sample of the BBS Business Directory 2019. Subsequently, blow-up estimates are calculated for each category of enterprises and institutions by multiplying the ‘sampling weights’ to mean estimates of the sample observation.

Household survey data collected by the Bangladesh Bureau of Statistics (BBS) along with ‘sampling weight’ is used for estimating household expenditure on WASH. Following the TrackFin guidance document, expenditure data collected from households is classified according to the WASH classifications.




অধ্যায় ৫

ফলাফল

CHAPTER 5

Findings







এ প্রতিবেদনে ২০২০ সালে বাংলাদেশে পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি (ওয়াশ) সংক্রান্ত কার্যক্রমের প্রকৃত ব্যয়ের হিসাব উপস্থাপনের চেষ্টা করা হয়েছে। ব্যয়ের ক্ষেত্রে কারা ওয়াশ সম্পর্কিত সেবা দেয়; কোন ধরনের পণ্য উৎপাদন ও সেবা গৃহীত হয় এবং শেষ পর্যন্ত কারা এর জন্য ব্যয় পরিশোধ করে তা চিহ্নিত করা হয়েছে। ওয়াশ ব্যয় ট্র্যাকিং-এর মাধ্যমে শহর ও পল্লি অঞ্চলের দুটি ভৌগোলিক এলাকার বাসিন্দাদের জন্য সম্পদ বরাদের তুলনামূলক চিত্র পাওয়া গেছে। এ ধরনের প্রশ্নের সমাধানে নির্ভরযোগ্য ও সমন্বিত তথ্য সিদ্ধান্ত গ্রহণকারীগণকে দক্ষতা ও সমতার ভিত্তিতে সম্পদ বরাদ সম্পর্কে অবহিত এবং বস্তুনির্ণয় সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

This report attempts to present the actual level of spending on Water, Sanitation and Hygiene (WASH) related activities in Bangladesh for 2020. In terms of expenditure, it identifies who provided the WASH-related services; what goods and services were produced and consumed; and finally, who paid for them. The tracking of WASH expenditure by geographical area, like urban and rural, allows a relative comparison in resource allocation for inhabitants of the two locations. Addressing such questions provides decision-makers with reliable and comprehensive information to make informed and objective decisions on resource allocation on efficiency and equity grounds.

বাংলাদেশে ২০২০ সালে মোট ওয়াশ ব্যয় ছিল ৫৯ হাজার ৭৫৫ কোটি টাকা (৭.০৫ বিলিয়ন মার্কিন ডলার)*, যা স্থূল দেশজ উৎপাদের (জিডিপি) ২ দশমিক ১৮ শতাংশ। মোট ওয়াশ ব্যয়ে হাইজিনের অংশ ৫৯ শতাংশ, এরপর স্যানিটেশনের অংশ ২৬ শতাংশ। ট্র্যাকফিন প্রেগিভিন্যাস অনুযায়ী স্যানিটেশন সেবা দুটি শ্রেণিতে ভাগ করা হয়েছে: ১) বৃহৎ নেটওয়ার্ক ব্যবস্থার মাধ্যমে স্যানিটেশন; ২) মৌলিক স্যানিটেশন সেবা। বৃহৎ নেটওয়ার্ক ব্যবস্থার মাধ্যমে স্যানিটেশন সেবার পরিধি খুবই ছোট এবং মূলত শহরাঞ্চলে সীমাবদ্ধ। মোট ওয়াশ ব্যয়ের মধ্যে খাবার পানির অংশ ১৪ শতাংশ, যেখানে ৫ দশমিক ৪ শতাংশ নেটওয়ার্ক ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করা হয়, বাকি ৮ দশমিক ৭ শতাংশ ব্যবহারকারীদের মাধ্যমে পরিচালিত (চিত্র-৫.১)।

Total WASH expenditure for Bangladesh in 2020 is Taka 597,553 million (US\$7.05 billion)*, which is 2.18% of Gross Domestic Product (GDP). Expenditure on hygiene accounts for around 59% of total WASH spending, followed by sanitation at 26%. According to the TrackFin classification, sanitation services are categorized into two groups: (i) sanitation through a large network system; (ii) basic sanitation services. The coverage of sanitation through a large network system is very small and mostly limited to urban areas. Drinking water accounts for 14% of the total WASH spending, where 5.4% is supplied through a network system, while the remaining 8.7% is self-generated by the users (Figure 5.1).

Figure 5.1: Share of WASH to GDP and Expenditure by Services



বাংলাদেশের খানা পর্যায়ের ওয়াশ ব্যয়ের অবস্থা জানতে খানা জরিপটির নকশা বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। এতে গেছে যে, বাংলাদেশের মোট জনসংখ্যার মাত্র ২ দশমিক ৪ শতাংশের সরাসরি নিরাপদ খাবার পানি পাওয়ার সুযোগ নেই। ২০২০ সালে খাবার পানি সংগ্রহে প্রায় ৭০ শতাংশ মানুষ টিউবওয়েল ব্যবহার করেছে (সারণি ৫.১)। ব্যবহারকারীদের পরিসংখ্যান আরও সুনির্দিষ্ট করলে দেখা যায়, শহরাঞ্চলের প্রায় ৪১ শতাংশ মানুষ তাদের খাবার পানির প্রধান উৎস হিসেবে টিউবওয়েলের ওপর নির্ভরশীল। বাংলাদেশের শহরাঞ্চলে বসবাসকারী প্রায় ১০ শতাংশ মানুষ পাইপের মাধ্যমে সরবরাহকৃত খাবার পানি ব্যবহার করে (সারণি ৫.১)।

The household survey was specifically designed to capture the status of household WASH in Bangladesh. It has been revealed that only 2.4% of the Bangladeshi population has no direct access to safe drinking water. In 2020, around 70% of the population used tube wells to collect drinking water (Table 5.1). Further breakdown of the users using tube wells shows that around 41% of the urban population rely on tube wells as their main source of drinking water. Around 10% of the Bangladeshi population, primarily those residing in urban areas, are using supplied (piped) water (Table 5.1).

Table 5.1: Main Source of Drinking Water by Urban and Rural, 2020

Source of drinking water	Rural	Urban	Overall
	Col.% (Row%)	Col.% (Row%)	Col.% (Row%)
Ground water collected by Hand pump	78.6 (86)	40.5 (14)	69.5 (100)
Ground water collected by Electric pump	17.2 (71.1)	22.2 (28.9)	18.4 (100)
Supplied water (piped water)	1.5 (11.9)	35.5 (88.1)	9.7 (100)
Other source	2.7 (82.5)	1.8 (17.5)	2.4 (100)
Total	100 (76)	100 (24)	100 (100)

Source: Derived from Bangladesh Bureau of Statistics, Water, Sanitation and Hygiene Survey 2021

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ৯৯ শতাংশ ফ্লাশ/পটুর ফ্লাশ অথবা পিট ল্যাট্রিন ব্যবহার করে। সামগ্রিকভাবে বিভিন্ন ধরনের পিট ল্যাট্রিন এবং ফ্লাশ/পটুর ফ্লাশ ল্যাট্রিন ব্যবহারের হার প্রায় সমান। ফ্লাশ/পটুর ফ্লাশ ল্যাট্রিন ব্যবহার করে ৪৮ শতাংশ মানুষ, যেখানে পিট ল্যাট্রিন ব্যবহার করে ৫১ শতাংশ মানুষ (সারণি ৫.২)। শহর ও পল্লি ভেদে পিট ল্যাট্রিনের ব্যবহারকারী দেখা যায় পল্লি অঞ্চলে ৮৭ শতাংশ মানুষ পিট ল্যাট্রিনের উপর নির্ভরশীল।

Almost 99% of the Bangladeshi population use flush/pour flush or pit latrine. The overall distribution of different categories of pit latrine user and flush/pour flush latrine users is almost equal. Flush/Pour latrine is used by 48% of the population, while it is around 51% for pit latrine users (Table 5.2). A breakdown of pit latrine users by urban and rural areas shows that 87% of the rural population relies on pit latrine.

Table 5.2: Uses of Latrine Facilities by Urban and Rural, 2020

Type of Latrine	Rural	Urban	Overall
	Col.% (Row%)	Col.% (Row%)	Col.% (Row%)
Flush/Pour flush latrine	40.4 (63.9)	72.6 (36.1)	48.2 (100)
Pit latrine	57.9 (87.3)	26.9 (12.8)	50.5 (100)
Open/Field latrine	1.6 (90.9)	0.5 (9.2)	1.4 (100)
Total	100 (76)	100 (24)	100 (100)

Source: Derived from Bangladesh Bureau of Statistics, Water, Sanitation and Hygiene Survey 2021.

২০২০ সালে বাংলাদেশে গড়ে প্রতিটি খানা পানির জন্য ১,৫০২ (১৪%) টাকা, স্যানিটেশনে ১,৯৮৫ (২৬%) টাকা এবং হাইজিন বা স্বাস্থ্যবিধিতে ৮,০৮৭ (৬০%) টাকা ব্যয় করে। কেউ কেউ হয়তো যুক্তি দিতে পারেন যে, ২০২০ সালে খানা পর্যায়ে হাইজিনে উচ্চ ব্যয় কেবিড ১৯ অতিমারির কারণে পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি রক্ষার সামগ্রীর জন্য অতিরিক্ত ব্যয় দ্বারা প্রভাবিত হতে পারে। তবে, অন্যান্য দেশে অতিমারি পূর্ববর্তী সময়কালে প্রস্তুতকৃত ওয়াশ অ্যাকাউন্টসগুলো পর্যালোচনা করে দেখা গেছে, স্বাভাবিক সময়ে হাইজিনে উচ্চ ব্যয় অস্বাভাবিক নয়। ২০২০ সালে প্রতি খানায় গড় ওয়াশ ব্যয় ১১,৫৭৪ টাকা প্রাক্কলন করা হয়েছে, যা খানাপ্রতি বার্ষিক আয়ের ৪ দশমিক ৩ শতাংশ (সারণি ৫.৩)। ওয়াশ-এ কেবিড অতিমারি সংক্রান্ত ব্যয় বাদ দিলে ২০২০ সালে খানাপ্রতি বার্ষিক ওয়াশ ব্যয় প্রাক্কলন করা হয়েছে ১০,৭২৮ টাকা। আয়ের পরিমাণ অনুসারে খানার ওয়াশ ব্যয় বিভাজনে দেখা যায় যে, শহরাঞ্চল ও পল্লি উভয় এলাকার দরিদ্র এবং অতিদরিদ্র শ্রেণিভুক্ত মানুষ তাদের আয়ের বেশি অংশ ওয়াশ-এ ব্যয় করে (সারণি ৫.৩)। উদাহরণস্বরূপ, সবচেয়ে ধনী শ্রেণিভুক্ত মানুষ তাদের বার্ষিক আয়ের ২ দশমিক ৮ শতাংশ ওয়াশ-এ ব্যয় করে। অন্যদিকে, অতিদরিদ্র শ্রেণিভুক্তগণ একই ধরনের কাজে ব্যয় করে তাদের বার্ষিক আয়ের ৭ দশমিক ৮ শতাংশ।

On average, Bangladeshi households spent Taka 1,502 (14%) on water, Taka 1,985 (26%) on sanitation and Taka 8,087 (60%) on hygiene in the year 2020. One can argue that the high expenditure on hygiene by households in 2020 was likely to be influenced by households' additional spending on cleaning and hygiene materials due to COVID 19 pandemic. However, WASH accounts prepared by other countries during the pre-pandemic period also reveal this is not an uncommon phenomenon. Average WASH spending per household for the year 2020 is estimated at Taka 11,574, which is 4.3% of their annual household income for the year (Table 5.3). Withholding the COVID 19 pandemic-related expenditure on WASH, the household average annual spending on WASH for the year 2020 is estimated at Taka 10,728. A breakdown of household WASH spending by income quantile shows households belonging to the poor and poorest income quantile spend a higher percentage of their income on WASH both in urban and rural areas (Table 5.3). For instance, the richest quantile of the population incurs 2.8% of its annual income on WASH-related expenditures, while the poorest quantile spends 7.8% of its income on similar activities.

Table 5.3: Annual Income and WASH Expenditures by Household, 2020

Income Quintile	Annual Income Taka	Water Taka	Annual Expen- diture Sanitation Taka	Hygiene Taka	WASH Expen- diture Taka	WASH Exp. as % of Yearly Income Taka
Overall Population	270,646	1,502	1,985	8,087	11,574	4.3%
Quantile 1 (Poorest)	82,888	585	1,022	4,832	6,439	7.8%
Quantile 2 (Poorer)	139,087	882	1,326	6,427	8,635	6.2%
Quantile 3 (Middle)	191,023	1,073	1,522	7,477	10,072	5.3%
Quantile 4 (Richer)	264,515	1,462	3,339	8,873	13,674	5.2%
Quantile 5 (Richest)	682,156	3,539	2,727	12,908	19,174	2.8%
Rural Population	227,339	1,178	2,023	7,235	10,436	4.6%
Quantile 1 (Poorest)	82,683	584	1,054	4,666	6,304	7.6%
Quantile 2 (Poorer)	138,825	851	1,370	6,141	8,362	6.0%
Quantile 3 (Middle)	190,722	1,010	1,478	7,063	9,551	5.0%
Quantile 4 (Richer)	263,328	1,114	3,468	8,378	12,960	4.9%
Quantile 5 (Richest)	582,248	2,878	3,323	11,566	17,767	3.1%
Urban Population	408,087	2,531	1,868	10,791	15,190	3.7%

Income Quintile	Annual Income Taka	Water Taka	Annual Expenditure Sanitation Taka	Hygiene Taka	WASH Expenditure Taka	WASH Exp. as % of Yearly Income Taka
Quantile 1 (Poorest)	84,533	599	763	6,167	7,529	8.9%
Quantile 2 (Poorer)	140,313	1,028	1,119	7,766	9,913	7.1%
Quantile 3 (Middle)	192,000	1,278	1,662	8,821	11,761	6.1%
Quantile 4 (Richer)	267,871	2,445	2,977	10,270	15,692	5.9%
Quantile 5 (Richest)	821,130	4,458	1,896	14,777	21,131	2.6%

বাংলাদেশে ২০২০ সালে মাথাপিছু ওয়াশ ব্যয় ছিল ৩,৪৯১ টাকা। ঢাকার জনসংখ্যার ক্ষেত্রে এ ব্যয় সরচেয়ে বেশি ৪,২৯৫ টাকা, এরপরে চট্টগ্রামে ৩,৩৯১ টাকা (সারণি ৫.৮)। ওয়াশে সর্বনিম্ন ব্যয় পরিলক্ষিত হয়েছে রংপুর বিভাগে ২,৪০৭ টাকা। তিনটি ওয়াশ উপাদানের (পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি বা হাইজিন) তুলনামূলক মাথাপিছু ব্যয়ের বিশ্লেষণে দেখা যায়, হাইজিন বা স্বাস্থ্যবিধি খাতে মাথাপিছু ব্যয় (২,০৯৩ টাকা) পানি (৫০০ টাকা) এবং স্যানিটেশনের (৮৯৮ টাকা) তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি।

Per capita WASH spending for Bangladesh in 2020 was Taka 3,491, where the population of Dhaka spent the most, Taka 4,295 per person, followed by Chattogram Taka 3,991 (Table 5.4). The lowest amount of per capita WASH spending is observed in the Rangpur division, at Taka 2,407. A comparison of per capita spending across three WASH components (water, sanitation and hygiene) shows that per capita expenditure on hygiene (Taka 2,093) is significantly higher compared to water (Taka 500) and sanitation (Taka 898).

Table 5.4: Per Capita WASH Expenditure 2020

Division	Water	Sanitation	Hygiene	Total
	Taka	Taka	Taka	Taka
BANGLADESH	500	898	2,093	3,491
BARISHAL	343	394	2,197	3,043
CHATTOGRAM	548	1,020	2,418	3,991
DHAKA	789	1,221	2,340	4,295
KHULNA	320	778	1,875	2,985
MYMENSINGH	369	999	1,740	3,067
RAJSHAHI	371	624	1,935	2,972
RANGPUR	200	500	1,658	2,407
SYLHET	396	661	1,761	2,836

ওয়াশ ব্যয় রিপোর্টিং-এর জন্য বিএনডব্লিউএ কাঠামোটি ট্র্যাকফিন নির্দেশিকা দলিলের সুপারিশ অনুযায়ী ৮টি প্রধান শ্রেণিবিন্যাস করা হয়েছে। এসব শ্রেণি হলো: (১) তহবিল ইউনিট (এফইউ); (২) তহবিলের ধরন (এফটি); (৩) ওয়াশ সেবা প্রদানকারী (পি); (৪) ওয়াশ সেবা; (৫) ব্যয় (সি); (৬) ওয়াশ সেবার ব্যবহার (ইউ); (৭) সেবা এলাকা (এ); এবং (৮) ভৌগোলিক অঞ্চল (আর)। প্রতিবেদনের এ অংশে প্রত্যেক ক্যাটাগরিতে ব্যয়ের তথ্য উল্লেখ করা হলো:

৫.১ তহবিল ইউনিট (এফইউ)

ট্র্যাকফিন নির্দেশিকা দলিল অনুযায়ী, 'ওয়াশ সেবার অর্থ প্রদানের জন্য নিয়োজিত যে সংস্থাগুলো তহবিল সরবরাহ অথবা সংগ্রহ করে এবং যে সংস্থাগুলো ওয়াশ খাতে কর্মকাণ্ড পরিচালনাকারীদের অর্থায়ন করে (যেমন, ঝণ), তাদের তহবিল বা ফাস্টিং ইউনিট বলা হয়'। ফাস্টিং ইউনিটের ৯টি উপ-শ্রেণি হলো: (এফইউ১) ব্যবহারকারী; (এফইউ২) জাতীয় কর্তৃপক্ষ; (এফইউ৩) আঞ্চলিক কর্তৃপক্ষ; (এফইউ৪) স্থানীয় কর্তৃপক্ষ; (এফইউ৫) নেটওয়ার্ক কর্পোরেট সেবাদাতা; (এফইউ৬) নেটওয়ার্কবিহীন কর্পোরেট সেবাদাতা; (এফইউ৮) দ্বিপক্ষীয় এবং বহুপক্ষীয় দাতাসমূহ; (এফইউ৯) এনজিও এবং কমিউনিটিভিতিক সংগঠন এবং (এফইউ১০) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

অন্যান্য দেশের সাথে বাংলাদেশ ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস (বিএনডব্লিউএ)-এর পরিসংখ্যান তুলনা করতে বিএনডব্লিউএ কাঠামোতে তহবিল ইউনিটসমূহের শ্রেণিবিন্যাস সংজ্ঞায়িত করার ক্ষেত্রে ট্র্যাকফিন গাইডলাইন অনুসরণ করা হয়েছে, কিন্তু তহবিলের উৎসের সাধারণীকরণ এড়াতে কিছু কিছু ক্ষেত্রে উপ-শ্রেণিবিন্যাস যুক্ত করা হয়েছে। উদাহরণস্বরূপ, 'ফাস্টিং ইউনিট'-এর জন্য ট্র্যাকফিন শ্রেণিবিন্যাস 'ব্যবহারকারী' (এফইউ১) নামে একক ক্যাটাগরির অধীনে খানা, প্রতিষ্ঠান, বাণিজ্যিক এন্টারপ্রাইজ এবং শিল্প-কারখানার ওয়াশ ব্যয়ের তথ্যাদি অর্জন করা হয়েছে।

বিএনডব্লিউএ 'ব্যবহারকারী' ক্যাটাগরিকে দুটি স্তরে ভাগ করেছে, যেখানে 'ব্যবহারকারী (বিএফইউ১)' ফাস্টিং ইউনিটের প্রাথমিক ক্যাটাগরি হিসেবে আছে কিন্তু একইসাথে খানা (বিএফইউ১.১), বাণিজ্যিক এন্টারপ্রাইজ (বিএফইউ১.২), প্রতিষ্ঠান (বিএফইউ১.৩) উপ-শ্রেণি হিসেবে 'ইউজার' বা 'ব্যবহারকারী' ক্যাটাগরির আওতায় বিবেচনা করা হয়েছে। একইভাবে কেন্দ্রীয় সরকার, আঞ্চলিক কর্তৃপক্ষ এবং স্থানীয় কর্তৃপক্ষ পরিশোধিত ওয়াশ সেবার ব্যয় বিএফইউ২, বিএফইউ৩ এবং বিএফইউ৪ কে উপ-শ্রেণি ক্যাটাগরি হিসেবে শ্রেণিবদ্ধ করা হয়েছে, যার উদ্দেশ্য নিজস্ব উপ-শ্রেণির সাথে ওয়াশ ব্যয়ের সাধারণীকরণ এড়ানো।

WASH Expenditure by BNWA Classification

For reporting WASH expenditure, the BNWA framework adopted the TrackFin guidance document, which recommend eight core classifications. The classifications are: (1) Funding units (FU); (2) Funding types (FT); (3) WASH providers (P); (4) WASH services (S); (5) Costs (C); (6) Uses of WASH services (U); (7) Service areas (A); and (8) Geographic regions (R). This section of the report highlights expenditures incurred under each of these core classifications.

5.1. Funding Unit (FU)

According to the TrackFin guidance document, 'entities that provide or mobilize funding to the sector to pay for WASH services, as well as entities that provide financing (e.g., loans) to actors in the WASH sector, are termed as Funding Units'. The Funding Unit has nine sub-classifications: (FU1) User; (FU2) National Authorities; (FU3) Regional authorities; (FU4) Local authorities; (FU5) Network corporate providers; (FU6) Non-network corporate providers; (FU8) Bilateral and multilateral donors; (FU9) NGOs and community-based organizations; and (FU10) Banks and Financial Institutions.

To compare Bangladesh National WASH Accounts (BNWA) statistics with those of other countries, the BNWA Framework adopted the TrackFin guidelines in defining the classification of Funding Units but added sub-classifications in a few instances to avoid generalizing of the source of funding. For example, the TrackFin classification for 'Funding Unit' includes the information on the WASH outlays of Households, Institutions, Commercial Enterprises and Industries under a single category titled 'User' (FU1).

The BNWA defines 'User' in two layers, where 'User (BFU1)' remains as the primary category of the Funding Unit but concurrently recognizes Household (BFU1.1), Commercial Enterprises (BFU1.2), Institutions (BFU1.3) as a sub-category of the 'User'. Similarly, WASH services paid by the Central Government, Regional authorities, or Local authorities are categorized as BFU2, BFU3 and BFU4 respectively with sub-categories of their own to avoid generalization of the WASH expenditures.

সরকারি অথবা বেসরকারি মালিকানাধীন সেবা প্রদানকারী কর্তৃক একটি বৃহৎ নেটওয়ার্ক সিস্টেমের মাধ্যমে ওয়াশ সেবাসমূহ উৎপাদন ও বিতরণকে ‘নেটওয়ার্ক কর্পোরেট সেবাদাতা (বিএফইউ৫)’ হিসেবে শ্রেণিবিন্যাস করা হয়েছে, যেমন, ঢাকা পানি সরবরাহ ও পর্যবেক্ষণ কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)। স্বল্প দক্ষ কর্মীদের সম্পৃক্তায় ক্ষুদ্র পর্যায়ের ওয়াশ সেবাদাতাকে ‘নেটওয়ার্কবিহীন কর্পোরেট সেবাদাতা (বিএফইউ৬)’ হিসেবে শ্রেণিভুক্ত করা হয়েছে। দ্বিপক্ষীয় এবং বহুপক্ষীয় দাতাদের অর্থায়ন থেকে প্রাণ্ত তহবিলকে ‘দ্বিপক্ষীয় এবং বহুপক্ষীয় দাতাসমূহ (বিএফইউ৮)’ হিসেবে শ্রেণিভুক্ত করা হয়েছে। এনজিও এবং কমিউনিটিভিডিক সংগঠনগুলোর ওয়াশ সেবা উৎপাদন ও সরবরাহকে বিএফইউ৯ হিসেবে শ্রেণিভুক্ত করা হয়েছে। এছাড়াও, ট্র্যাকফিন অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থায়নকে বিএফইউ১০ হিসেবে আলাদা ক্যাটাগরি হিসেবে শ্রেণিভুক্ত করা হয়েছে। ট্র্যাকফিন এবং বিএনডিরিউএ-র আওতায় তহবিল ইউনিটসমূহের তালিকা সারণি ৫.৫-এ উপস্থাপন করা হয়েছে।

২০২০ সালে বাংলাদেশ পানি, স্যানিটেশন এবং হাইজিন বা স্বাস্থ্যবিধি (ওয়াশ) খাতে প্রায় ৫৯ হাজার ৮০০ কোটি টাকা ব্যয় করেছে। ব্যয়ের এ বিভাজন থেকে আরও জানা যায় যে, মোট ওয়াশ ব্যয়ের মধ্যে খাবার পানিতে আনুমানিক ৮ হাজার ৬০০ কোটি টাকা, স্যানিটেশনে আনুমানিক ১৫ হাজার ৪০০ কোটি টাকা এবং হাইজিন বা স্বাস্থ্যবিধিতে আনুমানিক ৩৫ হাজার ৮০০ কোটি টাকা ব্যয় হয় (সারণি ৫.৫)। ‘তহবিল ইউনিট’ শ্রেণিবিন্যাস পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশে ওয়াশ খাতে ব্যয় প্রধানত ব্যবহারকারীদের অর্থায়নে হয়ে থাকে। ট্র্যাকফিন-এর আওতায় ‘ইউজার’ বা ‘ব্যবহারকারী’র ‘তহবিল ইউনিট’ শ্রেণিতে খানা এবং অন্যান্য ব্যবহারকারী (প্রতিষ্ঠান, বাণিজ্যিক এন্টারপ্রাইজ) উভয়ই রয়েছে, যারা সেবাদাতদের ব্যয় পরিশোধ করে অথবা নিজস্ব ওয়াশ পণ্য ও সেবার জন্য ব্যয় করে। এটি বাংলাদেশে মোট ওয়াশ ব্যয়ের ৮২ শতাংশ। বিএনডিরিউএ-এর অধীন ‘ব্যবহারকারী’ শ্রেণিবিন্যসকে উপ-শ্রেণি ব্যবহার করে পৃথক করা হয়েছে যেখানে দেখা যায় খানা ক্যাটগরিতে ২০২০ সালে মোট ওয়াশ ব্যয়ের ৭৮ দশমিক ৯ শতাংশ বা ৪৭ হাজার ১০০ কোটি টাকা ব্যয় হয়েছে।

তহবিল ইউনিট হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের (এলজিআরডিআইডিসি) স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) -এর ব্যয় প্রায় ৬ হাজার ১০০ কোটি টাকা (সারণি ৫.৫)। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পানি, স্যানিটেশন ও হাইজিন ব্যয়ের বিভাজনে দেখা যায়, স্থানীয় সরকার বিভাগের ব্যয়ের বেশিরভাগই বাংলাদেশের স্যানিটেশন পরিস্থিতির উন্নয়নে করা হয়েছে, ২০২০ সালে যার পরিমাণ ৪ হাজার ৬০০ কোটি টাকা। ২০২০ সালে অন্যান্য মন্ত্রণালয়ের ওয়াশ ব্যয় ছিল ১ হাজার ৯৪০ কোটি টাকা, যা ওয়াশ খাতের তৃতীয় বৃহত্তম তহবিল ইউনিট।

খানা, এন্টারপ্রাইজ এবং প্রতিষ্ঠানের হাইজিন সম্পর্কিত ব্যয়ের মধ্যে রয়েছে হাত ধোয়ার সুবিধা নির্মাণের খরচ, ব্যক্তিগত স্বাস্থ্যবিধির জন্য প্রসাধন সামগ্রী (ট্যালেট্রিজ), ডিটারজেন্ট এবং পরিষ্কারের পণ্য-সামগ্রী, ট্যালেট পরিষ্কার করার সামগ্রী, শিশু ও বয়স্কদের ব্যবহৃত ডায়াপার এবং মেয়েদের খুতু সংক্রান্ত স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় পণ্য-সামগ্রীর ব্যয়।

Production and distribution of WASH services through a large network system by publicly or privately owned providers are classified as ‘Network Corporate Provider (BFU5)’, e.g., Dhaka Water Supply and Sewerage Authority (DWASA). Providers of any small-scale WASH services involving low-skilled labour are categorized as ‘Non-Network Corporate Provider (BFU6)’ while funding from Bilateral and multilateral donors are classified as ‘Bilateral and Multilateral donors (BFU8)’. WASH services produced and provided by NGOs and Community-Based Organizations are classified as BFU9. Also, as per TrackFin financing from banking or financial institutions has been considered as a different category BFU10. A listing of the Funding Units under TrackFin and BNWA is provided in Table 5.5.

In 2020, Bangladesh spent around Taka 598 billion on Water, Sanitation and Hygiene (WASH). Further breakdown of the WASH expenditures reveals that around Taka 86 billion was spent on drinking water, around Taka 154 billion on sanitation and around Taka 358 billion on hygiene (Table 5.5). Analysis of the WASH sector spending by the classification of ‘Funding Unit’ shows that the WASH sector in Bangladesh is predominantly financed by the user. The ‘Funding Units’ classification of ‘User’ under TrackFin covers both households and other users (institutions, commercial, industrial) that pay the service providers or incur expenses for self-services of WASH goods and services. It accounts for around 82% of total WASH spending in Bangladesh. The ‘User’ classification under BNWA is segregated using sub-classification which reveals that households alone account for 78.9% of total WASH spending or Taka 471 billion in 2020.

As a funding unit, the Local Government Department (LGD) of the Ministry of Local Government, Rural Development & Cooperatives (MoLGRD&C) outlay was around Taka 61 billion (Table 5.5). Further breakdown of MoLGRD&C WASH spending by water, sanitation and hygiene shows that the bulk of the LGD spending was on improvement of sanitation conditions in Bangladesh accounting for Taka 46 billion in 2020. Spending on WASH by other ministries in 2020 was Taka 19.4 billion making it the third largest funding unit for the WASH sector.

Hygiene-related spending reported by households, enterprises and institutions encompasses construction cost of facilities for hand washing, toiletries, detergent and cleaning materials for personal hygiene, materials used in cleaning toilets, diapers used by children and adults, and cost of materials used for maintaining menstrual hygiene.

২০২০ সালে খানা পর্যায়ে হাইজিন বা স্বাস্থ্যবিধি ব্যয়ের সর্বোচ্চ ৯৩ শতাংশ বা ৩৩ হাজার ৪০০ কোটি টাকা রিপোর্ট করা হয়েছে (সারণি ৫.৫)। বাংলাদেশের সাধারণ মানুষ ভাল স্বাস্থ্যবিধি অনুশীলনের সুফল সম্পর্কে আরো সচেতন হওয়াও এখাতে স্বাভাবিক কারণেই তারা ব্যয় বরাদ্দ বাঢ়াচ্ছে। এছাড়াও, ধারণা করা হয় কোভিড ১৯ মহামারির পরিস্থিতি ২০২০ সালে স্বাস্থ্যবিধিতে খানার ব্যয় সর্বোচ্চ হওয়ার পেছনে অবদান রেখেছে।

দ্বিপক্ষীয় সহযোগিতা বলতে দুটি দেশের মধ্যে বন্ধন বা সম্পর্ককে বোঝানো হয়েছে। বহুপক্ষীয় সহযোগিতা বলতে দুই বা ততোধিক রাষ্ট্রের মধ্যে বৈষম্যহীন বন্ধন বা সম্পর্ক বোঝানো হয়েছে। দ্বিপক্ষীয় সংস্থা ক্যাটাগরির আওতায় বাংলাদেশ সরকারের সঙ্গে ধারাবাহিক সরাসরি সম্পর্কযুক্ত দেশগুলোকে বুঝানো হয়েছে। দ্বিপক্ষীয় সংস্থাগুলো বাংলাদেশের ওয়াশ ব্যয়ের ক্ষেত্রে অর্থায়ন করে তা অনুসরণ ট্র্যাকিং করা বেশ চ্যালেঞ্জ। কেননা, সরকার এবং স্বায়ত্ত্বাস্তিত সংস্থাগুলোর অনুসরণকৃত হিসাব পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের সময় এ ধরনের তহবিলের হিসাব আলাদাভাবে ট্র্যাক করে না। ওয়াশ ব্যয় ট্র্যাকিং-এর জন্য উপাত্ত সংগ্রহের সময় শুধুমাত্র উন্নয়ন সহযোগী এবং কিছু এনজিও এ ধরনের ব্যয়ের বিভাজিত তথ্য দিতে সক্ষম হয়েছে।

তহবিল ইউনিট শ্রেণিবিন্যাস অনুযায়ী অর্থায়নের বিভাজিত তথ্যে দেখা যায়, ওয়াশ ব্যয়ের খুব ছোট একটা অংশে দ্বিপক্ষীয় দাতা সংস্থাগুলো সরাসরি অর্থায়ন করেছে। ২০২০ সালে ওয়াশ এ দ্বিপক্ষীয় সংস্থাগুলোর ব্যয় ছিল ১৩০ কোটি টাকা। যাহোক, এটি অনুমান করা হয় যে, বাংলাদেশ ন্যাশনাল অ্যাকাউন্টস (বিএনডারিউএ) এ উল্লেখিত পরিমাণের চেয়ে ওয়াশ খাতে দ্বিপক্ষীয় দাতা সংস্থাগুলোর প্রকৃত অবদান উল্লেখযোগ্যভাবে আরও বেশি হবে। সরকারের হিসাবরক্ষণ পদ্ধতির কারণেই মূলত ওয়াশ ব্যয়ে দ্বিপক্ষীয় সংস্থাগুলোর মাধ্যমে ওয়াশ খাতে ব্যয় কর্ম দেখাচ্ছে। বিদ্যমান অ্যাকাউন্টিং অনুশীলনের অধীনে সরকারি ব্যবস্থায় ব্যয়ের যে রেকর্ড করা হয়, তাতে তহবিলের উৎস চিহ্নিত করা যায় এমনভাবে তথ্য সংরক্ষণ করা হয় না।

In 2020, the highest percentage of expenditure on hygiene was reported by households accounting for 93% or Taka 334 billion (Table 5.5). As the general public of Bangladesh is becoming more aware of the benefits of good hygiene practices, they are allocating more of their resources accordingly. Also, the COVID 19 pandemic possibly contributed to higher household spending on hygiene in 2020.

Bilateral cooperation refers to the ties or relationships between two countries. Multilateral cooperation refers to the ties or relationships between two or more states without discrimination between those involved. The category, Bilateral Agencies, includes countries that have one-on-one cooperation with the Bangladesh government. Tracking how much of Bangladesh WASH spending is funded by the bilateral agencies is challenging as the accounting system followed by the government and autonomous bodies do not keep track of such funds while implementing a project. During data collection for WASH expenditure tracking, only development partners and some NGOs were able to provide a breakdown of such expenditure.

Disaggregation of WASH sector financing by the classification of Funding Unit reveals that a very small portion of the WASH expenditure is directly funded by bilateral donor agencies. In 2020, expenditure by the Bilateral Agencies on WASH was Taka 1.3 billion. However, it is assumed that the actual contribution of the bilateral agencies in the WASH sector would be significantly higher than what is captured under the Bangladesh National WASH Account (BNWA). The key reason for estimating low WASH expenditures by the bilateral agencies is largely due to the accounting system followed by the government. Under the existing accounting practice, expenditure recorded under the government system do not keep information that can be used in identifying the source of funds.

Table 5.5: WASH Expenditure in 2020 by Classification of Funding Units

BFU	Funding Units	Water	Sanitation	Hygiene	Total	Column%
		Million Taka				
BFU1.1	Household	58,980	77,972	334,249	471,201	78.86%
BFU1.2	Commercial Enterprises	4,370	462	14,345	19,177	3.21%
BFU2.1	Ministry of Local Government, Rural Development and Co-operatives	12,379	45,997	2,482	60,858	10.18%

BFU	Funding Units	Water	Sanitation	Hygiene	Total	Column%
		Million Taka				
BFU2.2	Other Ministries	1,385	16,260	1,769	19,415	3.25%
BFU4.1	City Corporation	504	6,062	458	7,024	1.18%
BFU4.2	Zila Parishads	537	524	540	1,601	0.27%
BFU4.3	Upazila Parishads	525	524	540	1,588	0.27%
BFU4.4	Municipality/Paurashavas	633	554	466	1,653	0.28%
BFU4.5	Union Parishads	1,475	166	6	1,647	0.28%
BFU5.1.1	Dhaka WASA	2,042	3,719	324	6,085	1.02%
BFU5.1.2	Chattogram WASA	1,745	270	18	2,032	0.34%
BFU5.1.3	Khulna WASA	51	51	53	155	0.03%
BFU5.1.4	Rajshahi WASA	234	491	145	870	0.15%
BFU5.1.5	Narayanganj WASA	6	79	6	91	0.02%
BFU5.2	Local Government	649	530	309	1,488	0.25%
BFU8.1	Multilateral Agencies	15	50	502	568	0.10%
BFU8.2	Bilateral Agencies	-	-	1,305	1,305	0.22%
BFU9.1	International NGOs	3	5	279	287	0.05%
BFU9.2	National NGOs	36	46	428	510	0.09%
Total	Total Funding Units	85,568	153,761	358,223	597,553	100%
		14.3%	25.7%	59.9%		

৫.২ তহবিলের ধরন (এফটি)

‘তহবিল ইউনিট’-এর তহবিলের উৎসকে ‘তহবিলের ধরন’ হিসেবে অনুসরণ (ট্র্যাক) ও শ্রেণিবিন্যাস করা হয়। ট্র্যাকফিন নির্দেশিকা দলিল অনুসারে, ‘উৎস ও প্রকৃতি অনুযায়ী তহবিল ইউনিট এবং সেবা প্রদানকারীদের মধ্যে আর্থিক প্রবাহ তহবিলের ধরন হিসেবে শ্রেণিবিন্যাস করা হয়েছে। আর্থিক প্রবাহকে নির্দিষ্ট ক্যাটাগরিভুক্ত করার একটি মূল নীতি হলো ‘একটি প্রবাহ শুধুমাত্র একটি তহবিল ধরন’ হিসেবে রেকর্ডভুক্ত হওয়া উচিত। উদাহরণস্বরূপ, জাতীয় সরকারের মাধ্যমে বিদেশি দাতাদের অনুদান গ্রহণকারী এনজিওগুলোকে তহবিলের ধরন শ্রেণিকরণের আওতায় দ্বিপক্ষীয়/বহুপক্ষীয় দাতাসমূহের অনুদান (এফটি৪) হিসেবে শ্রেণিভুক্ত হওয়া উচিত। একই নীতি অনুসরণ করে ‘সেবার জন্য দেয়া মূল্য বা ট্যারিফ (এফটি১), নেটওয়ার্ক সেবা প্রদানকারীদের (এফইউ৫) কাছ থেকে নয়, বরং সেবা ব্যবহারকারীদের (আর্থাৎ, অর্থায়নকারী ইউনিটটি এ খাতে রাজস্ব সংগ্রালন করেছে) নিকট থেকে এসেছে বলে বিচার করা হয়েছে’।

5.2 Funding Type (FT)

The source of funds for the ‘Funding unit’ is tracked and classified as ‘Funding Type’. According to the TrackFin guidance document, ‘Financial flows between funding units and service providers, characterized by their origin and nature’ is classified as Funding Type. A key principle in categorizing the financing flow is ‘one flow should only be recorded as one financing type’. For example, NGOs receiving foreign donor grants through the national government should be classified as bilateral/multilateral donor grants (FT4) under the classification of Funding Type. Following the same principle, ‘Tariffs for services provided (FT1), is judged as originating from (FU1) Users (i.e., the financing unit that has injected the revenue into the sector) rather than from FU5 Network service providers’.

সরকারের ব্যয় ট্র্যাকিংয়ের তুলনায় খানা, বেসরকারি এন্টারপ্রাইজ এবং প্রতিষ্ঠানের মাধ্যমে ওয়াশ ব্যয়ের জন্য 'তহবিলের ধরন' চিহ্নিত করা তুলনামূলকভাবে সহজ ছিল। আরও সুনির্দিষ্টভাবে বলা যায়, দ্বিপক্ষীয়/বহুপক্ষীয় চুক্তির আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পে সরকারের ব্যবহৃত তহবিলের উৎস ট্র্যাক করা চ্যালেঞ্জিং ছিল। হিসাব মহানিয়ন্ত্রকের (সিজিএ) কার্যালয় থেকে পাওয়া সরকারের ব্যয়ের তথ্যের মধ্যে এমন তথ্য ছিল না যার মাধ্যমে তহবিলের উৎস চিহ্নিত করা যেতে পারে। অনেক ক্ষেত্রে সরকারের উন্নয়ন ব্যয় অনুদান অথবা খণ্ড আকারে উন্নয়ন সহযোগীদের সহ-অর্থায়নের মাধ্যমে হয়ে থাকে। তবে, বাংলাদেশ ন্যাশনাল হেলথ অ্যাকাউন্টসের আওতায় দ্বিপক্ষীয়/বহুপক্ষীয় দাতাদের দেওয়া খণ্ড দাতা অর্থায়ন হিসেবে বিবেচনা করা হয়নি। ট্র্যাকফিন ও বিএনডব্লিউএর আওতায় ফাস্টিং ইউনিটসমূহের বিস্তারিত তালিকা সারণি ৫.৬ এ উল্লেখ করা হয়েছে।

২০২০ সালে ব্যবহারকারীদের দেয়া তহবিলকে ওয়াশ 'তহবিলের ধরন'-এর আওতায় 'নিজস্ব-সরবরারে ওপর ব্যয়' হিসেবে শ্রেণিকরণ করা হয়েছে, যা মোট ব্যয়ের সর্বাধিক অংশ। এ ক্যাটাগরিতে অধীনে মোট ব্যয় হয়েছে ৪৮ হাজার ৫০০ কোটি টাকা, যেখানে 'কেন্দ্রীয় সরকার এবং স্থানীয় সরকারের অর্থায়ন' ছিল ৯ হাজার ৬০০ কোটি টাকা। সেবা প্রদানকারীদের মাধ্যমে প্রাপ্ত রাজস্বের অংশ 'ট্যারিফ' হিসেবে আখ্যায়িত করা হয়েছে, যা মাত্র ২৫০ কোটি টাকা অথবা বাংলাদেশে মোট ওয়াশ ব্যয়ের শূন্য দশমিক ৮ শতাংশ।

Table 5.6: WASH Expenditure in 2020 by Classification of Funding Type

BFU	Funding Type	Water	Sanitation	Hygiene	Total	Column%
		Million Taka				
BFT1	Tariffs	4,328	238	393	4,960	0.8%
BFT2	Expenditure on self-supply	58,993	77,972	347,975	484,941	81.2%
BFT3	Central and sub-national government funding	18,180	71,476	6,807	96,462	16.1%
BFT4	Bilateral/multilateral donor grants	15	50	1,807	1,873	0.3%
BFT5	Donations and grants (NGOs and other)	36	47	699	782	0.1%
BFT6	Repayable financing	2,612	1,739	4	4,355	0.7%
BFT7	Other	1,404	2,239	537	4,180	0.7%
Total	--	85,568	153,761	358,223	597,553	100.0%

৫.৩ সেবা প্রদানকারী (পি)

ট্র্যাকফিন শ্রেণিবিন্যাসের আওতায় ওয়াশ সেবা প্রদানকারী (পি) বলতে 'সহায়তা প্রদানকারী সরকারি প্রতিষ্ঠানসহ যারা ওয়াশ পণ্য ও সেবার উৎপাদন ও সরবরাহের সঙ্গে সম্পৃক্ত তাদেরকে বুঝানো হয়েছে'। বৈশিষ্ট্য এবং আইনগত অবস্থানের ভিত্তিতে ওয়াশ সেবাদাতাদের প্রাথমিকভাবে শ্রেণিবিন্যাস করা হয়েছে (সরকারি অথবা বেসরকারি মালিকানা, এন্টারপ্রাইজ অথবা নন-এন্টারপ্রাইজ, আন্তর্নানিক অথবা অনান্তর্নানিক)।

Identifying the 'Funding Type' for WASH expenditure incurred by actors like households, private enterprises and institutions was relatively easy compared to the government spending tracking. More specifically, it was challenging to track the source of funds used by the government in various development projects under bilateral/multilateral agreements. Government expenditure obtained from the Office of the Controller General of Accounts (CGA) did not have any information that could be used in identifying the origin of funds. Government development expenditure in many instances is co-financed by the development partners in the form of grants or loans. However, under the Bangladesh National Health Accounts, loans from bilateral/multilateral donors are not considered donor funding. A detailed listing of the Funding Units under TrackFin and BNWA is provided in Table 5.6.

In 2020, funding provided by users, termed as 'Expenditure on self-supply' under the WASH 'Funding Type' classification, accounted for the highest share of spending. A total of Taka 485 billion is accounted for under this category, while 'Central and sub-national government funding' was Taka 96 billion. The share of revenue received by the providers, termed as 'Tariffs', accounts for only Taka 2.5 billion or 0.4% of total WASH spending in Bangladesh.

5.3. Providers (P)

Under the TrackFin classification, WASH Providers (P) are defined as 'actors engaged in the production and delivery of WASH goods and services, including government institutions that provide support'. WASH providers are categorized primarily based on their characteristics and legal status (public or private ownership, enterprise, or non-enterprise, formal or informal).

ব্যাপক অর্থে পাঁচ ধরনের ওয়াশ সেবা প্রদানকারী রয়েছে: (পি১) সরকারি সংস্থা; যেখানে শুধুমাত্র সরকারি সংস্থা, প্রতিষ্ঠান এবং সংগঠন বিবেচনার মধ্যে রাখা হয়েছে; (পি২) নেটওয়ার্ক কর্পোরেট সেবা প্রদানকারী; যারা বেসরকারি এন্টারপ্রাইজ, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশন হতে পারে; (পি৩) নন-নেটওয়ার্ক কর্পোরেট সেবা প্রদানকারী, যারা ক্ষুদ্র পর্যায়ের সেবাদাতা এবং নিম্ন মাত্রার দক্ষতা ও পুঁজি নিয়ে কাজ করে; (পি৪) এনজিও এবং কমিউনিটি-ভিত্তিক সংস্থাসমূহ (সিবিও) এবং (পি৫) নিজে সরবরাহ করেন এমন ব্যবহারকারী যারা খানা এবং খানা বহির্ভূত (প্রাতিষ্ঠানিক, শিল্প অথবা বাণিজ্যিক) ব্যবহারকারী হতে পারেন।

ট্র্যাকফিনের আওতায় সরকারি সংস্থার সেবা প্রদানকারী শ্রেণির (পি১) মধ্যে তিনটি উপ-শ্রেণি রয়েছে: (১) পি১.১ জাতীয় কর্তৃপক্ষ; (২) পি১.২ আঞ্চলিক কর্তৃপক্ষ; এবং (৩) পি১.৩ স্থানীয় কর্তৃপক্ষ।

বিএনডব্লিউএ কাঠামোর আওতায় এ তিন উপ-শ্রেণির প্রতিটির জন্য জন্য অতিরিক্ত শ্রেণিবিন্যাস করা হয়েছে। ওয়াশ কার্যক্রমে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের (এলজিআরডিআভসি) গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় এ মন্ত্রণালয়ের জন্য আলাদা শ্রেণিবিন্যাস (পি১.১.১) করা হয়েছে এবং অন্যান্য মন্ত্রণালয় পি১.১.২ শ্রেণিভুক্ত হয়েছে। বাংলাদেশে মোট ৫টি পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) রয়েছে, যারা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে ওয়াশ সেবা দেয়। যদিও ওয়াসা সরকারের কাছ থেকে তহবিল নেয়, তবে বিএনডব্লিউএ কাঠামোর আওতায় ওয়াসা-এর কাজের বৈশিষ্ট্য বিবেচনায় 'নেটওয়ার্ক কর্পোরেট সেবা প্রদানকারী' (পি২) হিসেবে শ্রেণিবিন্যাস করা হয়েছে। বিএনডব্লিউএর আওতায় ওয়াশ সেবা প্রদানকারীদের বিস্তারিত ব্যয়ের তথ্য সারণি ৫.৭ এ দেওয়া হয়েছে।

সেবা প্রদানকারীদের ট্র্যাকফিন শ্রেণিবিন্যাস অনুযায়ী স্ব-সরবরাহকারী (পি৫) ব্যবহারকারীরা ওয়াশ পণ্য ও সেবা নিজেরাই সরবরাহ করে। উদাহরণস্বরূপ, নিজের ব্যবহারের জন্য ওয়াশ পণ্য ক্রয় অথবা ওয়াশ সুবিধা নির্মাণের জন্য উপকরণ ক্রয় স্ব-সরবরাহকারী ক্যাটাগরিতে পড়বে। বিএনডব্লিউএর আওতায় স্ব-সরবরাহকারী এ ব্যবহারকারীদের দুটি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে: (১) বিপি৫.১, স্ব-সরবরাহকারী ব্যবহারকারী যারা দোকান থেকে ওয়াশ পণ্য (ব্যবহারযোগ্য) কেনেন; এবং (২) বিপি৫.২ স্ব-সরবরাহকারী ব্যবহারকারী যারা ওয়াশ সুবিধা নির্মাণের জন্য উপকরণ কেনেন। স্ব-সরবরাহকারী এমন ব্যবহারকারী যা মোট ওয়াশ ব্যয়ের ৮১ শতাংশের যোগান দেয়। খানা এবং খানা বহির্ভূতের ওয়াশ পণ্য ক্রয় এ ব্যয়ের প্রধান অংশ।

২০২০ সালে দোকান (বিপি৫.১) থেকে স্ব-সরবরাহকারী ব্যবহারকারীদের ওয়াশ পণ্য (ভোগ্য পণ্য) ক্রয়ের জন্য মোট ওয়াশ ব্যয় হয়েছে ৩৭ হাজার ৯০০ কোটি টাকা, যার মধ্যে স্বাস্থ্যবিধির পণ্য এবং সেবায় ব্যয় হয়েছে ৩৪ হাজার ২০০ কোটি টাকা (সারণি ৫.৭)। ওয়াশ সুবিধা তৈরির জন্য উপকরণ কেনার ব্যয় (বিপি৫.২) নিজস্ব-সরবরাহকারী ব্যবহারকারীদের ব্যয় দ্বিতীয় সর্বাধিক, যার পরিমাণ ১০ হাজার ৩০০ কোটি টাকা।

There are five broad WASH Providers: (P1) Government agencies; where only government agencies, institutions and organizations are considered; (P2) Network corporate providers; which can be private enterprises, autonomous bodies and corporations; (P3) Non-network corporate providers; are private small scaled providers operating with low skill and capital; (P4) NGOs and community-based organizations (CBOs); and (P5) Self-provided users which can be household or non-household (institutional, industrial or commercial) users.

The provider's classification of government agencies (P1) under TrackFin has three sub-classifications: (i) P1.1 National authorities; (ii) P1.2 Regional authorities; and (iii) P1.3 Local authorities.

Under the BNWA framework, additional classifications for each of these three sub-classifications have been created. Considering the important role of the Ministry of Local Government, Rural Development and Cooperatives (MoLGRD&C) in WASH activities, the Ministry of LGRD&C is shown as an additional classification (P1.1.1) and all other ministries are identified under P1.1.2. There are five Water Supply and Sewerage Authority (WASA) entities in Bangladesh providing WASH services as an autonomous body. Though WASA receives funds from the government, but under BNWA Framework, WASA is categorized as 'Network corporate providers' (P2) based on its functional characteristics. Detailed expenditure by the WASH Service Providers, classified under BNWA is provided in Table 5.7.

Under the TrackFin classification of provider, Self-provided User (P5) provides WASH goods and services to themselves. For example, the purchase of WASH goods for own consumption or purchase of materials for building WASH facilities falls under the Self-provided user (P5) category. Self-provided user under BNWA is grouped into two categories: (i) BP5.1 Self-provided user-purchase of WASH goods (consumables) from shops; and (ii) BP5.2 Self-provided user-purchase of materials for building WASH facilities. Self-provided users collectively are the largest providers of WASH goods accounting for around 81% of total WASH expenditure. It is dominated by WASH goods procured by household and non-household entities.

In 2020, total WASH spending by self-provided users for the purchase of WASH goods (consumables) from shops (BP5.1) was Taka 379 billion, where Taka 342 billion was spent on the consumption of hygiene goods and services (Table 5.7). Expenditure on the procurement of materials in creating WASH facilities by self-provided users for the purchase of materials for building WASH facilities (BP5.2) is the second-largest provider of WASH, accounting for Taka 103 billion in 2020.

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) হলো দেশের তৃতীয় বৃহত্তম ওয়াশ পণ্য ও সেবা প্রদানকারী। সেবা প্রদানকারী হিসেবে এলজিডি ২০২০ সালে মোট ওয়াশ ব্যয়ের ১০ শতাংশ নির্বাহ করেছে। এ খাতে ব্যয়ের বিভাজনে দেখা যায় যে, এলজিডি পানির জন্য প্রায় ১ হাজার ৩০০ কোটি টাকা এবং স্যানিটেশনের জন্য প্রায় ৪ হাজার ৬০০ কোটি টাকা ব্যয় করেছে। এলজিডি হাইজিনের জন্য ব্যয় করেছে প্রায় ২৫০ কোটি টাকা, যার মধ্যে বেশিরভাগ ব্যয় হয়েছে প্রচারমূলক কাজে (সারণি ৫.৭)।

নিরাপদ খাবার পানি এবং স্যানিটেশন সেবা প্রদান ওয়াশ-এর দুটি প্রধান উপাদান। ২০২০ সালে খাবার পানি এবং স্যানিটেশনের জন্য ব্যয় হয়েছে যথাক্রমে ৮ হাজার ৬০০ কোটি টাকা এবং ১৫ হাজার ৪০০ কোটি টাকা। দুটি সেবাতেই স্ব-সরবরাহকারী ব্যবহারকারীদের আধিপত্য ছিল। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) ২০২০ সালে খাবার পানি এবং স্যানিটেশনের জন্য ব্যয় করেছে যথাক্রমে ১ হাজার ৩০০ কোটি টাকা এবং ৪ হাজার ৬০০ কোটি টাকা। এলজিডির বাইরে ৫টি মেট্রোপলিটন সিটি টাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহীর পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) ওয়াশ সেবা বিশেষ করে শহর এলাকার মানুষের ওয়াশ সেবা সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

The Local Government Division (LGD) of the Ministry of Local Government, Rural Development and Cooperatives (MoLGRD&C) is the third largest provider of WASH goods and services in the country. As a provider, LGD accounts for around 10% of the total WASH expenditure in 2020. Further disaggregation of this outlay shows that Taka around 13 billion was spent on water and Taka around 46 billion on sanitation. LGD spent Taka around 2.5 billion on hygiene, of which a significant portion was on hygiene promotion (Table 5.7).

Providing access to safe drinking water and sanitation are two key WASH components. In 2020, WASH services for drinking water and sanitation were Taka 86 billion and Taka 154 billion, respectively. Both services are dominated by Self-provided user. The Local Government Division of the Ministry of LGRD&C spent Taka 13 billion and Taka 46 billion in 2020 on drinking water and sanitation, respectively. Apart from the LGD, the Water Supply and Sanitation Authority (WASA) of five metropolitan cities - Dhaka, Narayanganj, Chattogram, Khulna and Rajshahi, also plays an important role in providing WASH services, especially for the urban population.

Table 5.7: WASH Expenditure in 2020 by Classification of Providers

BP	Providers	Water	Sanitation	Hygiene	Total	Column%
		Million Taka				
BP1.1.1.1	Local Government Division	12,696	45,997	2,482	61,175	10.24%
BP1.1.2	Other Ministries	1,385	16,260	1,769	19,415	3.25%
BP1.3.1	City Corporation	905	6,078	471	7,454	1.25%
BP1.3.1	Zila Parishad	537	524	540	1,601	0.27%
BP1.3.3	Upazila Parishad	525	524	540	1,588	0.27%
BP1.3.4	Municipalities/Paurashava	1,717	554	465	2,737	0.46%
BP1.3.5	Union Parishad	2,124	696	315	3,135	0.52%
BP2.1.1	Dhaka WASA	4,043	3,957	85	8,085	1.35%
BP2.1.2	Chattogram WASA	1,985	270	18	2,273	0.38%
BP2.1.3	Khulna WASA	51	51	53	155	0.03%
BP2.1.4	Rajshahi WASA	234	491	145	870	0.15%
BP2.1.5	Narayanganj WASA	6	79	6	91	0.02%

BP	Providers	Water	Sanitation	Hygiene	Total	Column%
		Million Taka				
BP2.2	Private Contractor/Service Provider (Large)	1,147	367	0	1,515	0.25%
BP3.1	Bottled/Sachet Water Company	2,040	-	206	2,246	0.38%
BP3.2	Private Contractor/Service Provider (Small)	1,121	1	1	1,123	0.19%
BP4.1	International NGOs	8	27	618	653	0.11%
BP4.2	Local NGOs/Community-Based Organizations	63	50	2,116	2,230	0.37%
BP5.1	Self-provided user-Purchase of WASH goods (consumables) from shops	36,485	-	342,198	378,682	63.37%
BP5.2	Self-provided user-Purchase of materials for building WASH facilities	18,498	77,835	6,195	102,527	17.16%
Total	Total Providers	85,568	153,761	358,223	597,553	100.00%

কিভাবে সেবা প্রদানকারীরা তহবিল পায় এবং অর্থ কোথা থেকে আসে এ দুটি বিষয় উন্মোচন করাই হলো ন্যাশনাল ওয়াশ অ্যাকাউন্টস-এর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। সারণি ৫.৮ এ প্রতিটি সেবা প্রদানকারীর অর্থায়নের ধরন অনুযায়ী রাজবের বিভিন্ন উৎস সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। ২০২০ সালে স্ব-অর্থায়নে সবচেয়ে বেশি ওয়াশ ব্যয় হয়েছে, যাকে ট্র্যাকফিন শ্রেণিবিন্যাসের আওতায় ‘অর্থায়নের ধরন’-এর অধীনে ‘নিজ-সরবরাহ ব্যয়’ হিসেবে আখ্যায়িত করা হয়েছে। এটি বাংলাদেশের মোট ওয়াশ ব্যয়ের ৮১ শতাংশ, যার পরিমাণ ৪৮ হাজার ৫০০ কোটি টাকা। ‘নিজ-সরবরাহ ব্যয়’ এর মধ্যে ব্যবহারকারীদের নিজেদের জন্য বিনিয়োগ অথবা সেবা সরবরাহ করার বিষয়টি অন্তর্ভুক্ত হয়েছে। স্ব-সরবরাহকারী ব্যবহারকারীরা খানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠান উভয়ই হতে পারে এবং নিজেদের সেবা নিজেরাই দিয়ে থাকে। ২০২০ সালে ৪৮ হাজার কোটি টাকার জন্য স্ব-সরবরাহকারী ব্যবহারকারীরা ‘নিজ-সরবরাহ ব্যয়’ এর আওতায় দ্বিতীয় বৃহত্তম প্রদানকারী।

২০২০ সালে ওয়াশ ব্যয়ের প্রায় ১৬ শতাংশ কেন্দ্রীয় এবং স্থানীয় সরকারের অর্থায়ন থেকে হয়েছে। কেন্দ্রীয় এবং স্থানীয় সরকার মোট ব্যয় করেছে ৯ হাজার ৭১০ কোটি টাকা। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের ব্যয় ৮ হাজার ৫৯ কোটি টাকা এবং স্থানীয় সরকারের ব্যয় ১ হাজার ৬৫২ কোটি টাকা। ওয়াশ খাতে সেবা প্রদানকারীদের নিজস্ব তহবিলের পরিশোধযোগ্য অর্থায়ন এবং বিনিয়োগ খুবই কম, যা যথাক্রমে ৮৮০ কোটি এবং ৪২০ কোটি টাকা। দুটি ক্ষেত্রেই ব্যয় মোট ব্যয়ের মাত্র ১ শতাংশ।

Unveiling how the providers are funded and where the money comes from are two important features of the National WASH Accounts. Table 5.8 highlights different sources of revenue by financing type for each service provider. In 2020, the highest WASH spending was self-financed, is termed ‘Expenditure on self-supply’ under the TrackFin classification for ‘Funding Type’. It accounts for Taka 485 billion or 81% of total WASH spending in Bangladesh. The ‘Expenditure on self-supply’ includes funding provided by users to invest in or provide the service for themselves. Self-provided users provide services to themselves, which can be household or commercial entities. They are the second largest provider, get finance through ‘Expenditure on self-supply’ accounted for Taka 480 billion in 2020.

Around 16% of total WASH spending in 2020 was financed by central and sub-national government funding. A total of Taka 97.7 billion was spent by the central and sub-national governments, where the national authorities accounted for Taka 80.6 billion and the local authorities Taka 13.5 billion. Repayable financing and investment of providers’ own fund in the WASH sector are very low, accounting for Taka 4.4 billion and Taka 4.2 billion, respectively, or in percentage terms, 1% for each.

Table 5.8: WASH expenditure by financing type and WASH provider

Code	Providers	Tariffs	Expen- diture on self- supply	Central and sub- national govern- ment funding	Bilat- eral/ multi- lateral donor grants	Donations and grants (NGOs and other)	Repay- able finan- cing	Invest- ment of prov- ider's own funds	Total	Col%
			Taka Million	Taka Million	Taka Million	Taka Million	Taka Million	Taka Million		
P1.1	National authorities	-	317	80,272	-	-	-	-	80,589	13.5%
P1.3	Local authorities	800	683	13,510	34	-	-	1,488	16,515	2.8%
P2	Network corporate providers	2,829	1,164	2,438	-	-	4,351	2,205	12,987	2.2%
P3	Non-network corporate providers	753	2,608	3	1	3	-	1	3,369	0.6%
P4	NGOs and community-based organizations	-	26	239	1,823	778	4	13	2,883	0.5%
P5	Self-provided Users	579	480,143	-	15	1	-	473	481,210	80.5%
	Providers Total	4,960	484,941	96,462	1,873	782	4,355	4,180	597,553	100%
	Row %	1%	81%	16%	0%	0%	1%	1%	100%	

৫.৮ সেবা (এস)

